

আল কুরআন
অনন্ত করুণাময় পরম দয়ালু
আল্লাহর নামে আরম্ভ করছি
.....
তারা কি আল্লাহর ধ্বংসের পরিবর্তে অন্য
ধীন তাল্লাশ করছে? আসমান ও যমীনে
যা কিছু রয়েছে সেখানে হোক বা
অদৃশ্য হোক, তাঁরই অনুগত হবে এবং
তাঁর দিকেই ফিরে যাবে।
সূরা আল ইমরান ৮৩

দৈনিক কীর্তনখোলা

আত্মপ্রত্যয়ী প্রতিদিন

বরিশাল ॥ বুধবার ॥ ১৪ অক্টোবর ২০২৬ ॥ ০২ জমাদিউল উলা ১৪৪৮ ॥ ২৯ আশ্বিন ১৪৩৩ ॥ ৯ম বর্ষ ॥ ১৩০ সংখ্যা ॥ ৪ পৃষ্ঠা ॥ ৫ টাকা

দুর্গাপূজাকে কেন্দ্র করে দেশি-বিদেশি ষড়যন্ত্র চলছে: রিজভী
কীর্তনখোলা ডেস্ক
দুর্গাপূজাকে কেন্দ্র করে জাতীয় ও আন্তর্জাতিকভাবে ষড়যন্ত্র চলছে বলে অভিযোগ করেছেন বিএনপির ভারপ্রাপ্ত মহাসচিব ২ এর পাতায় দেখুন

এসএসসিতে দুই বিষয়ে ফেল করলে ১৫ দিনের মধ্যে ফের পরীক্ষা: শিক্ষামন্ত্রী
কীর্তনখোলা ডেস্ক
এসএসসি পরীক্ষায় দুই বিষয়ে অকৃতকার্য শিক্ষার্থীদের ১৫ দিনের মধ্যে পুনরায় পরীক্ষা নেওয়া হবে বলে জানিয়েছেন ২ এর পাতায় দেখুন

আ.লীগ নেতার ক্ষমা চাইলেও সমঝোতার সম্ভাবনা নেই: ডা. জাহেদ
কীর্তনখোলা ডেস্ক
কার্যক্রম নিষিদ্ধ আওয়ামী লীগের সঙ্গে রাজনৈতিক সমঝোতা বা 'রিকনসিলিয়েশন'-এর সম্ভাবনা নেই বলে ২ এর পাতায় দেখুন

আ.লীগের সম্মানসী ও চাঁদাবাজদের ব্যবহার করছে বিএনপি: নাহিদ
কীর্তনখোলা ডেস্ক
জাতীয় নাগরিক পার্টির (এনসিপি) আহ্বায়ক ও বিরোধীদলীয় চিফ ছইপ নাহিদ ইসলাম বলেছেন, "আমরা দেখতে ২ এর পাতায় দেখুন

নতুন আঙ্গিকে, অত্যাধুনিক প্রযুক্তিতে
বিশ্বমানের সিমেন্ট

শ্রীশ্রীশ্রী সিমেন্ট
ইন্ডাস্ট্রিয়াল গার্মেন্টস

সেবা : ০২৯৯০০৬৬৬৬৬, ০২৯৯০২৭৭০৪



রাষ্ট্রপতি স্বর্ণপদক পেলেন কলাপাড়ার শ্বেচ্ছাসেবক রুজি

কীর্তনখোলা রিপোর্ট
আন্তর্জাতিক দুর্যোগ প্রশমন দিবস-২০২৬ উপলক্ষে দুর্বিষাদ প্রস্তুতি কর্মসূচির (সিপিপি) শ্রেষ্ঠ শ্বেচ্ছাসেবক হিসেবে রাষ্ট্রপতি স্বর্ণপদক পেয়েছেন পটুয়াখালীর কলাপাড়ার রোকসানা আক্তার রুজি। মঙ্গলবার সকাল ১০টায় ঢাকার শেরেবাংলা নগরে বাংলাদেশ-চীন মৈত্রী আন্তর্জাতিক সম্মেলন কেন্দ্রে আয়োজিত অনুষ্ঠানে রাষ্ট্রপতি মির্জা ফখরুল ইসলাম আলমগীরের হাত থেকে তিনি এ সম্মাননা গ্রহণ করেন। দুর্যোগে মানুষের পাশে দাঁড়ানো, শ্বেচ্ছাসেবামূলক কর্মকাণ্ডে অবদান এবং মানবিক সেবায় নিষ্ঠার স্বীকৃতিস্বরূপ তাকে এ পদক দেওয়া হয়। তার এ অর্জনে কলাপাড়ার সুশীল সমাজের প্রতিনিধি ও বিভিন্ন শ্রেণি-পেশার মানুষ অভিনন্দন জানিয়েছেন। নিজের অনুভূতি প্রকাশ করে রোকসানা আক্তার রুজি বলেন, 'এ সম্মাননা তার জীবনের অন্যতম গৌরবময় ও স্মরণীয় অর্জন। দীর্ঘদিনের শ্বেচ্ছাসেবামূলক কাজ এবং দুর্যোগে ২ এর পাতায় দেখুন



নির্ধারিত সময় শেষ হলেও শেষ হয়নি হাতেম আলী কলেজের একাডেমিক ভবন নির্মাণকাজ

ফজলে রাকি, হাতেম আলী কলেজ) শীর্ষক প্রকল্পের আওতায় ভবনটি নির্মাণ করা হচ্ছে। নির্ধারিত সময় পেরিয়ে যাওয়ার পরও কাজ শেষ না হওয়ায় ভবনটির নির্মাণকাজের অগ্রগতি নিয়ে প্রশ্ন দেখা এখনো সম্পন্ন হয়নি নির্মাণকাজ। সরকারি কলেজসমূহের বিজ্ঞান শিক্ষার উপযোগী করার দাবি সুযোগ সম্প্রসারণ (২০০ জানিয়েছেন শিক্ষার্থীরা।

প্রকল্পটির বাস্তবায়নকারী সংস্থা মাধ্যমিক ও উচ্চশিক্ষা অধিদপ্তর এবং বাস্তবায়নে সহযোগিতা করছে শিক্ষা প্রকৌশল অধিদপ্তর। সরকারি সৈয়দ হাতেম আলী কলেজের ৬-তলা ভিত্তিবেশিত (পাইল ফাউন্ডেশনসহ) ৬-তলা একাডেমিক ভবন নির্মাণের কথা উল্লেখ ২ এর পাতায় দেখুন

শত শত শিক্ষকের শিক্ষক, সক্ষম বাঙালি প্রখ্যাত বাংলা ভাষাপটবিত ও ব্যাকরণবিদ বরিশাল সরকারি ব্রাহ্মসমাজ কলেজ, বাংলা বিভাগের সাবেক বিভাগীয় প্রধান এবং বাংলাদেশ মন্ত্রণালয় শিক্ষাবোর্ডের সাবেক পতীক্ষা নিয়ন্ত্রক

অধ্যক্ষ আ. খা. মো. আবদুর রব স্যারের লেখা

বাংলা ব্যাকরণ ও নির্মিতি
বইটি অনন্য

বইটি প্রোগ্রামের ভিত্তিতে সচিব, তাই উচ্চ মাধ্যমিক শ্রেণির শিক্ষার্থীদের অধিক নথর প্রাপ্তিতে সহায়ক সম্পাদনা করেছেন: বরিশাল মাধ্যমিক ও উচ্চ মাধ্যমিক শিক্ষাবোর্ডের বাংলা ২য়পত্র: বিখ্যাত প্রধান পতীক্ষক, সরকারি আশৈলবাড়ী কলেজের বাংলা প্রভাষক কবি, গবেষক ও সুনামশীল গ্রন্থ প্রণেতা

পথিক মোস্তফা (এমফিল, ইবি)
বই পাওয়ার জন্য যোগাযোগ করুন:
01718246162, 01712189338, 01712926836

গদ্য প্রকাশন, বরিশাল

বরিশাল নগরীর যেসব স্থানে বইটি পাওয়া যাচ্ছে

বুক ভিলা সকল বই, বইপাল 01932-314219	ইসলামিয়া লাইব্রেরি সকল বই, বইপাল 01711-264963	অবুদুর লাইব্রেরি সকল বই, বইপাল 01708-868515	অবুদুর লাইব্রেরি সকল বই, বইপাল 01708-868514
খন্দকার লাইব্রেরি সকল বই, বইপাল 01711-47767	নিউ মাহবুব লাইব্রেরি সকল বই, বইপাল 01763-107720	রহমান বুক হাউজ সকল বই, বইপাল 01718-670945	মজুমদার লাইব্রেরি সকল বই, বইপাল 01716-139268
অমৃত লাইব্রেরি সকল বই, বইপাল 01719-408049	নিউ কলেজ লাইব্রেরি সকল বই, বইপাল 01726-474663	হক লাইব্রেরি সকল বই, বইপাল 01724-851658	আশরাফিয়া লাইব্রেরি সকল বই, বইপাল 01717-468083

বরিশালের ৮ নদীতে তীব্র ভাঙন দিশেহারা হাজারো পরিবার

কীর্তনখোলা রিপোর্ট
বাপ-দাদার ভিটেমাটির আর কিছুই অবশিষ্ট নেই। নদী ভাঙনের কবলে পড়ে গত পাঁচ বছরে পাঁচবার ঘরবাড়ি সরাতে হয়েছে বরিশালের বানারীপাড়ার ইলুহার গ্রামের জয় হাজারার পরিবারকে। প্রতিবার নতুন করে ঘর বেঁধে ঘরে দাঁড়ানোর চেষ্টা করলেও থামেনি নদীর অগ্রসার। এবার যেখানে আশ্রয় নিয়েছেন, আগামী বছর সেটিও থাকবে কি না তা নিয়ে চরম অনিশ্চয়তায় দিন কাটছে তার। জয় হাজারার মতো এমন আশঙ্কায় দিন পার করছেন বরিশালের নদীতীরবর্তী হাজার হাজার মানুষ। কারও চোখের সামনেই নদীদগর্ভে ২ এর পাতায় দেখুন

সম্পাদক থেকে পাঠক, সকলের মুক্ত মত.....

হ্যালো ৯৯৯

নামাজের সময় লোডশেডিং কি কোনো চক্রান্ত?

লোডশেডিং সবসময়ই কমবেশি ছিলো। এখন তা বেড়ে অনেককণ বৃদ্ধি পেয়েছে। তবে আগে যা হয়নি এখন তা হচ্ছে। ইদানিং বরিশালে প্রায়দিনই নামাজের সময় লোডশেডিং দেয়া হয়। যেহেতু ওয়ায, আসরের নামাজের সময় লোডশেডিং দেয়া হচ্ছে। তবে মাগরিবের ওয়াযকে বুল না তা নিতানৈমিত্তিক ব্যাপার হয়ে দাঁড়িয়েছে। এটা কি ইচ্ছাকৃত স্থল না কি কোনো ধরনের ষড়যন্ত্র তা খতিয়ে দেখা প্রয়োজন।

নামাজের আগে আগে কিংবা নামাজে দাঁড়ালে প্রতিদিনই বরিশালের বিভিন্ন এলাকায় বিদ্যুত চলে যায়। মুসল্লিরা এতে ভীষণ কষ্টে পড়েন। প্রায় প্রতিদিনকার এ ঘটনাকে অনেকই ষড়যন্ত্র বলে অভিযোগ করছেন। তাদের অভিযোগ, সরকারের বিরুদ্ধে সাধারণ মুসলমানদের ক্ষেপিয়ে তোলা এর একটি কারণ হতে পারে। এ ব্যাপারে সংশ্লিষ্ট কর্তৃপক্ষের নজরদারি প্রয়োজন বলে মনে করছি আমরা সাধারণ জনতা।

আবুদুলাহ জোব্বারের, মুদ্রিত ব্যবসায়ী



আগৈলঝাড়ার মাসুদ খান বরিশাল জেলার শ্রেষ্ঠ ওসি

আগৈলঝাড়া প্রতিনিধি
বরিশাল জেলা পুলিশের মাসিক কল্যাণ সভায় সেক্টরের মাসের সামগ্রিক পারফরম্যান্সের ভিত্তিতে জেলার 'শ্রেষ্ঠ অফিসার ইনচার্জ (ওসি)' নির্বাচিত হয়েছেন আগৈলঝাড়া থানার ওসি মোহাম্মদ মাসুদ খান। একই সাথে মাদক উদ্ধারে বিশেষ কৃতিত্বের জন্য তাকে সম্মাননা স্মারক ও সনদপত্র দেওয়া হয়েছে। মঙ্গলবার জেলা পুলিশ সুপার কার্যালয়ে আয়োজিত কল্যাণ সভায় বরিশাল জেলা পুলিশ সুপার এ জেড এম মোস্তাফিজুর রহমান অনুষ্ঠানিকভাবে তাঁর হাতে এ সম্মাননা তুলে দেন। জেলা পুলিশ সুপার জালা গেছে, আইনশৃঙ্খলা নিয়ন্ত্রণ, মাদকবিরোধী অভিযান, গ্রহণতার ২ এর পাতায় দেখুন

জন্ম করা হয়েছে। পাশাপাশি জন্ম করা হয়েছে নয় লাখ ৬৫ হাজার ১০০ মিটার নিম্নে জাল। মঙ্গলবার (১৩ অক্টোবর) মৎস্য অধিদপ্তরের বরিশাল জেলা কার্যালয়ের ৮ থেকে ১৩ অক্টোবরের প্রতিবেদন থেকে এসব তথ্য জানা গেছে। সরকারের ঘোষণা অনুযায়ী, মা ইলিশের প্রজনন নির্বাহী করতে ৪ অক্টোবর থেকে ২৫ অক্টোবর পর্যন্ত টানা ২২ দিন সারাদেশে ইলিশসহ সব ধরনের মাছ শিকার, পরিবহন, মজুত ও বিক্রি নিষিদ্ধ। নিষেধাজ্ঞা অমান্য করলে জেল-জরিমানার বিধান রয়েছে। এরপরও বরিশালের মেঘনা, কীর্তনখোলা, আড়িয়াল খাঁসহ বিভিন্ন নদ-নদীতে অবৈধভাবে মাছ শিকারের অভিযোগ পাওয়া যাচ্ছে। মৎস্য ২ এর পাতায় দেখুন



ক্লাস বর্জন করে বিক্ষোভ করা শিক্ষার্থীরা ফিরেছে শ্রেণিকক্ষে

কীর্তনখোলা রিপোর্ট
বরিশাল সরকারি মডেল স্কুল অ্যান্ড কলেজে প্রাথমিক শাখা চাচুর গুজবকে কেন্দ্র করে বিক্ষোভের সময় অধ্যক্ষের সঙ্গে অসহযোগিতা আচরণ করা শিক্ষার্থীরা ভুল বুঝতে পেরেছে। মঙ্গলবার সকালে কলেজের অধ্যক্ষ অধ্যাপক তপন কুমার সাহার কক্ষ গিয়ে ক্ষমা প্রার্থনা করে আন্দোলনে নেতৃত্ব দেওয়া দ্বাদশ শ্রেণির শিক্ষার্থী তাহমিন ইসলাম দাইয়ামসহ তার সহযোগীরা। পরে অধ্যক্ষ তাদের ক্লাসে ফিরে নিয়মিত পড়াশোনা করার পরামর্শ দেন। পরে তারা শ্রেণিকক্ষে ফিরেছে। জানা গেছে, সকালে তাহমিন ইসলাম দাইয়ামসহ একদল শিক্ষার্থী অধ্যক্ষের কক্ষে গিয়ে তাঁর পা জড়িয়ে ধরে। এ সময় তাহমিন অধ্যক্ষকে বলে, 'আপনি মাফ করেছেন, বলেন?' জবাবে অধ্যক্ষ তাদের জড়িয়ে ধরে বলেন, 'মাফ তো করবই, তোমরা আমার সম্মানের মতো। আমার সম্মানের বয়স তোমাদের চেয়ে অন্তত পাঁচ-ছয় বছর বেশি। আমি অনুরোধ করব ২ এর পাতায় দেখুন



দুর্যোগ প্রশমন দিবস উপলক্ষে বরিশালে র্যালিতে উপস্থিত জেলা প্রশাসক মামুন খন্দকার-কীর্তনখোলা

স্কুলে ভর্তির নীতিমালা প্রকাশ প্রথম শ্রেণিতে লটারি

কীর্তনখোলা ডেস্ক
দেশের সরকারি মাধ্যমিক সন্থায় শিক্ষা মন্ত্রণালয়ের প্রাথমিক ও উচ্চশিক্ষা বিভাগ এ নীতিমালা প্রকাশ করেছে। এতে সই করেছেন মন্ত্রণালয়ের সরকারি মাধ্যমিক-১ শাখার উপসচিব তানিয়া ফেরদৌস। নীতিমালায় বলা হয়েছে, প্রথম শ্রেণিতে ভর্তির জন্য আবেদনকারীরা লটারির মাধ্যমে শিক্ষার্থী নির্বাচন করা হবে। মঙ্গলবার (১৩ অক্টোবর) ২ এর পাতায় দেখুন

দুর্যোগ প্রশমন দিবস উপলক্ষে বরিশালে র্যালিতে উপস্থিত জেলা প্রশাসক মামুন খন্দকার-কীর্তনখোলা

বিদ্যালয়ের প্রায় এক হাজার কেজি রড বিক্রির অভিযোগ

কাটাগিয়া প্রতিনিধি
ঝালকাঠির কাটাগিয়া উপজেলার ১ নম্বর পশ্চিম চৌচরীমামপুর সরকারি প্রাথমিক বিদ্যালয়ের পুরোনো ৯৫০ কেজি রড বিক্রির অভিযোগ উঠেছে। এ-সংক্রান্ত একটি ভিডিও সামাজিক যোগাযোগমাধ্যমে ছড়িয়ে পড়ার পর এলাকায় ব্যাপক আলোচনা-সমালোচনা শুরু হয়েছে। তবে বিদ্যালয়ের ভারপ্রাপ্ত প্রধান শিক্ষিকা শাহনাজ আক্তার রড বিক্রির অভিযোগ অস্বীকার করেছেন। বিষয়টি তদন্ত করে প্রয়োজনীয় ব্যবস্থা নেওয়ার কথা জানিয়েছে উপজেলা শিক্ষা বিভাগ। সামাজিক যোগাযোগমাধ্যমে ছড়িয়ে পড়া ভিডিওতে দেখা যায়, দুটি ভ্যানপাডিতে করে পুরোনো রড নিয়ে যাচ্ছেন এক ভাড়ার ব্যবসায়ী। ভিডিও ধারণকারী ব্যক্তি রডগুলো কোথা থেকে কেনা হয়েছে জানতে চাইলে ওই ব্যবসায়ী দাবি করেন, বিদ্যালয়ের শিক্ষক ও কমিটির লোকজন মিলে রডগুলো বিক্রি করেছেন। তবে ভিডিওতে রডগুলো কোন বিদ্যালয়ের, তা স্পষ্টভাবে শনাক্ত করা যায়নি। স্থানীয়দের দাবি, বিদ্যালয়ের দ্বিতীয় পর্যায়ের ২ এর পাতায় দেখুন

দৈনিক কীর্তনখোলা

আত্মপ্রত্যয়ী প্রতিদিন

প্রতিনিধি আবশ্যিক

দৈনিক কীর্তনখোলা পত্রিকার জন্য ঝালকাঠি জেলা: নলছিটি, রাজাপুর, পটুয়াখালী জেলা: পটুয়াখালী, জেলা জেলা: তজুমদ্দিন, লালমোহন, মনপুরা, পিরোজপুর জেলা: নাগিজপুর, নেহারাবাদ ও বরিশাল জেলা: উজিরপুর ও বাবুগঞ্জ প্রতিনিধি আবশ্যিক। প্রার্থীকে অবশ্যই কমপক্ষে এইচএসসি পাস হতে হবে। আত্মহীরা পত্রিকার ইমেইলে জীবনবৃত্তান্তসহ আবেদন করুন।

-মফস্বল সম্পাদক
০১৩০৪১৬৮৪১৯

সম্প্রদায়িক সংকটে আবাসন খাত

দেশের অধীনিতিতে গুরুত্বপূর্ণ ভূমিকা রাখা আবাসন খাত নানা সংকটে জর্জরিত। নির্মাণসম্মূহীর আকাশছোঁয়া মূল্যবৃদ্ধি, উচ্চ সুদের হার ও নতুন করের চাপের কারণে সম্ভাবনাময় এই খাতে স্থবিরতা বিরাজ করছে। প্রকাশিত প্রতিবেদনে বলা হয়েছে, ফ্লাট বিক্রি তুলানিতে নেমে যাওয়ায় নতুন প্রকল্প হাতে নিচ্ছে না অনেক ডেভেলপার। কোথাও নির্মাণকাজ বন্ধ হয়ে আছে, এমনকি জমির মালিক ও আবাসন প্রতিষ্ঠানের চুক্তিও বাতিল হচ্ছে। ফলে আবাসন খাতের সঙ্গে সংশ্লিষ্ট অন্যান্য শিল্প খাতও ক্ষতিগ্রস্ত হচ্ছে এবং মারাত্মক ঝুঁকিতে পড়ছে লাখো লোকের কর্মসংস্থান। নিবন্ধন অধিদপ্তরের তথ্যের বরাত দিয়ে খবরে বলা হয়, ২০২৬ সালের জানুয়ারি থেকে জুন পর্যন্ত ছয় মাসে দেশে ৪১ হাজার ৮০৪টি ফ্লাট হস্তান্তরের দপিল নিবন্ধিত হয়েছে। এসব ফ্লাটের ঘোষিত মূল্য প্রায় ১৮ হাজার কোটি টাকা। এর মধ্যে ঢাকায় নিবন্ধিত হয়েছে ২৯ হাজার ৯১৩টি ফ্লাট। ২০২৫ সালের একই সময়ের তুলনায় চলতি বছরের প্রথম ছয় মাসে ফ্লাট নিবন্ধন কমেছে ১৯.৬১ শতাংশ। ২০২৪ সালের একই সময়ের তুলনায় কমেছে ২৫.৫৫ শতাংশ এবং ২০২৩ সালের জানুয়ারি-জুনের তুলনায় কমেছে ৪২.৭৩ শতাংশ। ২০২৩ সালে দেশে এক লাখ ৪৬ হাজার ফ্লাট নিবন্ধিত হয়েছে, যার ঘোষিত মূল্য ছিল এক লাখ কোটি টাকা। ২০২৪ সালে নিবন্ধিত ফ্লাটের সংখ্যা কমে দাঁড়ায় এক লাখ ১২ হাজারে। এসব ফ্লাটের ঘোষিত মূল্য ছিল ৭৯ হাজার কোটি টাকা। ২০২৫ সালে নিবন্ধিত ফ্লাটের সংখ্যা আরো কমে এক লাখ চার হাজারের নেমে আসে। তখন এসব ফ্লাটের ঘোষিত মূল্য ছিল ৬১ হাজার কোটি টাকা। জানা গেছে, আবাসন খাতের সংকটের অন্যতম কারণ নির্মাণসম্মূহীর মূল্যবৃদ্ধি। করোনাভাইরাস মহামারির পরপরই রাশিয়া-ইউক্রেন যুদ্ধের প্রভাবে নির্মাণসম্মূহীর দাম ৫০ থেকে ৬০ শতাংশ বেড়ে যায়। সেই যুদ্ধ শেষ না হতেই গোটা মধ্যপ্রাচ্য অগ্নিগর্ভ হয়ে ওঠে, যা এখনো চলমান। বিশ্বায়নের এই যুগে আন্তর্জাতিক বাজারের অস্থিরতার প্রভাব সরাসরি দেশীয় বাজারে পড়ে। বিশেষ করে সাম্প্রতিক সময়ে জালালিসংকটের কারণে দেশের শিল্প খাত রীতিমতো ধুকছে। বেসরকারি বিনিয়োগে চলছে খরা। এসবের পাশাপাশি ২০২৬-২৭ অর্থবছরের বাজেটটি ফ্লাট নিবন্ধনের ক্ষেত্রে নির্ধারিত মূল্যের ওপর ১৫ শতাংশ মূলধনী মুনাফা কর, রড ও সিমেন্টের ওপর ১০ শতাংশ নিয়ন্ত্রণমূলক শুল্ক এবং অপ্রদর্শিত অর্থ বৈধ করার সুযোগ কঠোর হওয়ায় আবাসন খাতে অচলাবস্থা দেখা দিয়েছে। পরিস্থিতি এতটাই নাজুক হতে পড়ছে-নতুন প্রকল্পের পথ সংকটভিত্ত হওয়ার পাশাপাশি পুরনো চুক্তিও বাতিল হচ্ছে। রিহাব সূত্র বলেছে, ২০২৬ সালের প্রথম ছয় মাসে শুধু ঢাকায়ই জমির মালিক ও ডেভেলপারদের মধ্যে প্রায় ৪৫০টি চুক্তি বাতিল হয়েছে। ২০২৫ সালে বাতিল হয়েছিল প্রায় এক হাজার চুক্তি। এ ছাড়া ফ্লাট কিনে এখনো বুকে না পাওয়া ক্রেতাদের প্রায় দুই হাজারটি অভিযোগের নিষ্পত্তি নিয়ে কাজ করছে রিহাব।

রাষ্ট্রপতি স্বর্ণপদক পেলেন

মানুসের পাশে থাকার প্রচেষ্টার স্বীকৃতি হিসেবে তিনি এ পদককে দেখছেন।'
সংশ্লিষ্টদের মতে, তার এ স্বীকৃতি দুর্বোগ মোকাবিলায় খেজরোবাগলুর কর্মকাণ্ডে আসনের উৎসাহিত করবে।

ক্রাস বর্জন করে বিক্ষোভ করা

তামেরা ক্রাসে গিয়ে নিয়মিত ক্রাস করে।'
এ বিষয়ে অধ্যক্ষ অধ্যাপক তপন কুমার সাহা জানান, শিক্ষার্থীরা হয়তো ভুলে বুঝতে ভুল করছেন।'
তিনি ব্যবহার ভাবনের বদলেদে, প্রাথমিক শাখা চালুর উদ্যোগ নেওয়া হয়নি।
শিক্ষার্থীরা হয়তো বিষয়টি বুঝতে পেরেছে। অধ্যক্ষ আরও বলেন, 'আমের দিনের ঘটনার জন্য শিক্ষার্থীরা যেমন অসন্তুষ্ট, তেমনি আমরাও খাওয়া লাগছে।'
তাদের ক্রাসে ফিরে যেতে বলেছি এবং নিজেই শ্রেণিকক্ষে বসিয়ে দিতে এসেছি।'
বরিশাল জেলা শিক্ষা কর্মকর্তা মোহাম্মদ আব্দুল জব্বার বলেন, শিক্ষার্থীরা শান্তিপূর্ণ পরিবেশে এসে ক্ষমা চেয়েছে। বর্তমানে ক্রাস চলছে। এর আগে, বরিশাল সরকারি মডেল স্কুল অ্যান্ড কলেজে প্রাথমিক শাখা চালু হচ্ছে—এমন গুজব ছড়িয়ে পড়ায় মোমবার শিক্ষার্থীরা বিক্ষোভ করে। একপর্যায়ে তারা অধ্যক্ষের সঙ্গে অসৌজন্যমূলক আচরণ করে। পরে এ ঘটনা সামাজিক যোগাযোগমাধ্যমে ছড়িয়ে পড়লে সমালোচনার সৃষ্টি হয়। এদিকে, কলেজটিতে প্রাথমিক শাখা চালুর দাবিতে জেলা প্রশাসকের কাছে স্মারকলিপি দিয়েছেন একদল অভিভাবক। তাদের দাবি, এই শিক্ষাপ্রতিষ্ঠানে আসা থেকেই প্রাথমিক শাখা চালু ছিল। গত গণ বহরের ডিসেম্বর হঠাৎ সেটি বন্ধ করে দেওয়া হয়। প্রতিহত স্বরণবির স্কুলগুলোতে ভৃতীয় শ্রেণিতে ভর্তির জন্য ৮ থেকে ৯ হাজার শিক্ষার্থী অবদান করে। এই অবস্থায় মডেল স্কুল অ্যান্ড কলেজের প্রাথমিক শাখা বন্ধ থাকলে ভর্তির জন্য ১১০টি আসন কমে যাবে বলে আশঙ্কা করছেন তারা।

আ.লীগের সন্ত্রাসী ও চাঁদাবাজদের

পাঁচি চাঁদাবাজ আর খেরার একাকার হয়ে যাচ্ছে।
আওয়ামী লীগের সন্ত্রাসী ও চাঁদাবাজদের ব্যবহার করছে বিনএনপি।'
মঙ্গলবার (১৩ অক্টোবর) দুপুরে শরীয়তপুরে আইনশৃঙ্খলার অবনতি, ফুলানি তেলের মূল্যবৃদ্ধি, হব্যমূল্যেতে ঊর্ধ্বগতি, সারের ডিয়ার নিয়োগে দলীয়করণ এবং চাকরিতে নিয়োগ-বাণিজ্য ও দুর্নীতির প্রভাবেদে অয়োজিত নাগরিক সভায় প্রধান অতিথির বক্তব্যে তিনি এসব কথা বলেন।
জাতীয় নাগরিক পরিষদ (এনসিপি) শরীয়তপুর জেলা শাখা এ সভায় আয়োজন করে।
নাহিদ ইসলাম বলেন, নির্বাচনের আগে আওয়ামী লীগের সঙ্গে হাত মিলিয়েছিল বিনএনপি। তারা একটি সমঝোতার মাধ্যমে নির্বাচনে জয়লাভ করছে। এরপর আওয়ামী লীগের ভালো-মন্সিগে প্রচারণায়ে মাফনা-বাণিজ্য করেছে। সেই মাফনার ভাে দেখিয়ে ভোট কিনেছে এবং আওয়ামী লীগের সন্ত্রাসী ও চাঁদাবাজদের নিজেদের কাছে ব্যবহার করছে। ফলে আমরা দেখছি চাঁদাবাজ আর খেরার একাকার হয়ে যাচ্ছে। তিনি বলেন, বিনএনপি সরকার দূর্নীতি, চাঁদাবাজি, সন্ত্রাস ও সিভিকিয়নে মাধ্যমে আওয়ামী লীগের মতো দেশি পরিচালনা করছে। আমাদের অবস্থা হচ্ছে বিদেশে আওয়ামী লীগ, দেশে বিনএনপি; এই দুই দলের কারণে মানুষ তাদের অধিকার ফিরে পাবে না। বাংলাদেশে গণতন্ত্র প্রতিষ্ঠার যে সম্ভাবনা তৈরি হয়েছিল, সেই সম্ভাবনাও নষ্ট হয়েছে। নাহিদ ইসলাম বলেন, বিনএনপির পক্ষে যদি আওয়ামী লীগকে পরাজিত করে ক্ষমতায় আসা সম্ভব হতো, তাহলে বিরাট ১৬ বছরে এককভাবেই তারা সেটি করতে সক্ষম হতো। কিন্তু আমরা প্রার্থেছি, গত ১৬ বছরে তারা রাজপথে একটি শক্তিশালী আন্দোলনও গড়ে তুলতে পারেনি। এ দেশের ছাত্র-জনতা রাজপথে নেমে না এলে, সাধারণ মানুষ জীন না দিলে তাদের রহমান কোনোনিন লভন থেকে বাংলাদেশে আসতে পারতেন না। ক্ষমতা চিরস্থায়ী নয় উল্লেখ করে এনসিপির আহ্বায়ক বলেন, 'বৈরচার্যী সরকারের ইতিহাস থেকে আপনারা শিক্ষা নিন। ক্ষমতা চিরকালের জন্য নয়। দুই-তৃতীয়াংশ আসন নিয়ে যদি আপনারা মনে করেন দেশ কিনে নিয়েছেন, এ দেশের মালিক আপনারা হয়ে গেছেন, তাহলে অতীতে দিকে তাকান। আওয়ামী লীগও একইভাবে চিন্তা করত। আজ তাদের অবস্থান কোথায়? নাগরিক সভায় জাতীয় নাগরিক পরিষদ শরীয়তপুর জেলা শাখার সভাপতি অ্যাডভোকেট রুহুল আমিনের সভাপতিত্বে ও সাধারণ সম্পাদক সজ্জ তাবুকদারের সরলানায় বক্তব্য দেন দলের মুখ্য সংগঠক (উত্তরাঞ্চল) সারাজিস আলম, সিনিয়র যুগ্ম আহ্বায়ক আরিফুল ইসলাম আদিব ও সদস্য ইমরান হোসেন।
এ সময় জাতীয় ছাত্রশক্তির কেন্দ্রীয় সদস্য মাহবুব আমজ জয়, বৈয়ামবিরোধী ছাত্র আন্দোলনের শরীয়তপুর জেলার সাবেক আহ্বায়ক ইমরান আল নাজরহছ জাতীয় নাগরিক পার্টির জেলা ও উপজেলার বিভিন্ন ইউনিটের নেতাকর্মীরা উপস্থিত ছিলেন।

আ.লিগ নেতারা ক্ষমা চাইলেও

জানিয়েছেন প্রাথমিকের তথ্য ও সম্প্রচার উপদেষ্টা ডা. জাহেদ উর রহমান।
দলটির নেতারা অতীতের অপরাধ স্বীকার করবে ক্ষমা চাইলেও বসে নেই, যে দলটি দেশ ও দেশের বাহিনে নানা রকম সন্ত্রাস ও

সহিংসতা উসকে দেওয়ার চেষ্টা করে, সেখানে রিকনসিলিয়েশনের ব্যাপারে সরকারের যা বোঝার সেটা বোঝা হয়ে গেছে। একই সঙ্গে ভারতে অবস্থানরত সাবেক প্রধানমন্ত্রী শেখ হাসিনার ডিসেম্বরে দেশে ফেরার ঘোষণায় সরকারের কোনো উদ্বেগ বা চাপ নেই বলে জানিয়েছেন তিনি। তার ভাষায়, সরকার নিজেই শেখ হাসিনাকে দেশে ফিরিয়ে এনে বিচার নিশ্চিত করতে চায়। অন্যদিকে যুক্তরাষ্ট্রে সাবেক প্রধান উপদেষ্টা ড. মুহাম্মদ ইউনুসকে হেনস্তার অভিযোগ এবং জুলাই আন্দোলনের সঙ্গে সম্পৃক্ত ব্যক্তিদের বিরুদ্ধে প্রতিশোধমূলক আচরণের ঘটনায় জড়িতদের আইনের আওতায় আনার কথাও জানিয়েছেন তিনি।
মঙ্গলবার (১৩ অক্টোবর) সচিবালয়ে তথ্য অধিদপ্তরের সম্মেলন কক্ষে আয়োজিত সাংগঠিক সংবাদ ব্রিফিংয়ে সাংবাদিকদের বিভিন্ন প্রশ্নের জবাবে এসব কথা বলেন ডা. জাহেদ উর রহমান।
গত সপ্তাহে আওয়ামী লীগের সঙ্গে রাজনৈতিক সমঝোতা নিয়ে দেওয়া বক্তব্যের বিষয়ে জানতে চাইলে জাহেদ উর রহমান বলেন, 'তার বক্তব্য সংবাদমাধ্যমে যেভাবে উপস্থাপিত হয়েছে, তাতে কিছু ভুল বোঝাবুঝির সৃষ্টি হয়েছে। সে কারণেই বিষয়টি আরও পরিষ্কার করা প্রয়োজন।'
তিনি বলেন, 'রাজনৈতিক সমঝোতার ক্ষেত্রে কিছু মৌলিক বিষয় রয়েছে। প্রথমত, যারা গুরুত্বপূর্ণ সৌহার্দ্যের অপর্যায় বা মানবতাবিরোধী অপরাধ করেছেন, তাদের বিচার অবশ্যই হতে হবে। রাজনৈতিক সমঝোতার আলোচনা কোনোভাবেই সেই বিচার প্রক্রিয়ার বিরুদ্ধ হতে পারে না। তবে অপরাধের ধরন ও পরিস্থিতি বিবেচনায় কোনো কোনো ক্ষেত্রে সমঝোতার আলোচনা হতে পারে।'
আওয়ামী লীগের প্রসঙ্গ টেনে তিনি বলেন, 'একটা দল মানবতাবিরোধী অপরাধ সংঘটনের পর ক্ষমতা থেকে বিদায় নিলেছে। কিন্তু এতদিন পরও তারটির পক্ষে থেকে সেসব অপরাধ স্বীকার বা অস্বীকারের কোনো লক্ষণ দেখা যাচ্ছে না। বরং তাদের কর্মকাণ্ডে এখনো উসকানি ও সংঘাত সৃষ্টির প্রবণতা লক্ষ করা যাচ্ছে।'
জাহেদ উর রহমান বলেন, 'যে দলটি এ ধরনের কাজ করে বেড়ায় এবং দেশের ভেতরে সন্ত্রাস ও নানারকম উসকানি দেওয়ার চেষ্টা করে, তাদের সঙ্গে আলোপের ব্যাপারে সরকারের অবস্থান নই। সেটা বোঝাই যায়। সরকারের দিক থেকে উল্লোগ নেওয়ার হেঁচো কোনো প্রাইই আসে না।'
তিনি আরও বলেন, 'মানবতাবিরোধী অপরাধের বিচার নিশ্চিত করার বিষয়ে সরকার সিদ্ধান্ত নিয়েছে। এরই মধ্যে আন্তর্জাতিক অপরাধ ট্রাইব্যুনালে বিচার হয়েছে, রায়ও হয়েছে। আরও যেসব বিচারিক প্রক্রিয়া রয়েছে, সেগুলোও চলবে।'
দল হিসেবে আওয়ামী লীগের ভবিষ্যৎ কি হবে, দলটি রাজনৈতিক কার্যক্রম পরিচালনা করতে পারবে কিনা, সেই প্রশ্নও বিচারিক প্রক্রিয়া ও সংশ্লিষ্ট সিদ্ধান্তের সঙ্গে যুক্ত বলে উল্লেখ করেন তিনি।
আওয়ামী লীগ অতীতের অপরাধের দায় স্বীকার করে ক্ষমা চাইলে রাজনৈতিক সমঝোতার সুযোগ তৈরি হবে কি না, এমন প্রশ্নে নিজের আপের বক্তব্যের ব্যাখ্যা দেন তখন তথ্য উপদেষ্টা। তিনি বলেন, একটি রাজনৈতিক দল তার অতীত কর্মকাণ্ডের দায় স্বীকার করবে এবং ক্ষমা চাইবে, এটি প্রত্যাশিত হতে পারে। কিন্তু আওয়ামী লীগ ক্ষমা চাইলেই সমঝোতার আলোচনা শুরু হবে, এমন কোনও শর্ত সরকার দেয়নি। তিনি বলেন, 'এটা শর্ত না যে, এটা করতে আলোচনা শুরু হতে পারে। মোটেও না। এটা করলে আলাপ শুরু করা যাবে কিনা, সেই আলাপ পরে হবে পারে।'
তিনি বলেন, 'কেউ যদি ভবিষ্যতে এসে জানান যে আওয়ামী লীগ অপরাধের দায় স্বীকার করেছে এবং ক্ষমা চেয়েছে, তখন নতুন পরিস্থিতিতে আলোচনা আদৌ সম্ভব হবে না, সেটা বিবেচনায় প্রশ্ন উঠতে পারে। তবে সেটিও অসম্ভব। তাহলুক আলোচনা। এর অর্থ এও নয় যে সরকার এখনই কোনো রাজনৈতিক সমঝোতার প্রক্রিয়ায় যেতে চাইছে।'
আওয়ামী লীগের অতীত কর্মকাণ্ডের প্রসঙ্গ তুলে তিনি বলেন, 'শেখ হাসিনার শাসনামলে শুধু জুলাই গণঅভ্যুত্থানের সময় নয়, তারও বহু বছর আগে থেকে গুপ, বিচারবিহীনত্ব হতাতা, হেফাজতে নির্ধািত ও রাজনৈতিক প্রতিপক্ষকে হয়রানিমূলক মামলায় জড়ানোর মতো গুরুত্বর ঘটনা ঘটেছে।'

এসএসসিতে দুই বিষয়ে ফেল

শিক্ষার্থী ড. আ ন ম এছানুর হক মিন্না।
তিনি বলেন, বছরের পর বছর ফেল করার সংস্কৃতি চলেতে দেখে যা়া না।
যারা সাধারণ শিক্ষার এগোতে পারবে না, তাদের হারিয়ে শিক্ষায় নেওয়া হবে।
মঙ্গলবার দুপুরে বগুড়ার পল্লী উন্নয়ন আশ্রম কিশোরী (আরবিএ) মিনায়াতরনে ৪৯তম বিসিএস সাধারণ শিক্ষা ক্যাডারে সন্য নিয়োগপ্রাপ্ত ৬৩১ জন কর্মকর্তার ওরিয়েন্টেশন অনুষ্ঠানের উদ্বোধন শেষে সাংবাদিকদের তিনি এসব কথা বলেন।
শিক্ষার্থীদের নৈতিক শিক্ষার বিষয়ে নব্বই বলেন, দেশে নৈতিকতার অবক্ষয় ঘটছে। এই অবস্থা থেকে উরগে প্রথমে শিক্ষার্থী। তাদের কর্মমানের নির্দেশনায় বিদ্যালয়ে চতুর্থ শ্রেণি থেকে সাক্ষাত্তিক অনুষ্ঠান, খেলাধুলা ও নৈতিক শিক্ষার ওপর গুরুত্ব দেওয়া হচ্ছে।
পড়ালেখ্যাব পাশাপাশি খেলাধুলার মাধ্যমে নৈতিকভাবে ভ্রুত বন্ধনা গড়ে তোলার কাজ চলছে।
অনুষ্ঠানে শিক্ষা মন্ত্রণালয়ের সচিব (অতিরিক্ত দায়িত্ব) সদস্যর মো. কোরামত আলী সভাপতিত্ব করেন।
এতে স্থানীয় বংদস সদস্য রেজাউল করিম বাদশাসহ শিক্ষা বিভাগের ঊর্ধ্বতন কর্মকর্তারা বক্তব্য দেন।

দুর্গাপূজাকে কেন্দ্র করে

রুহুল কাবির রিজভী।
মঙ্গলবার (১৩ অক্টোবর) রাজধানীর রমনা ইন্টিনার্সি ইনস্টিটিউশনে দীর্ঘ ধরোচার বিরোধী আন্দোলন এবং জুলাই গণঅভ্যুত্থানের রাজনীতিদান ও পেশাজীবীদের ভূমিকা শীর্ষক আলোচনা সভা ও সমন্বয়না সভায় অনুষ্ঠানে তিনি এ অভিযোগ করেন।
নেতাকর্মীদেরপ্রতি আহ্বান জানিয়ে রিজভী বলেন, 'রক্তাক্তমধ্যে দিন-রাত সজাগ থাকতে হবে এবং অত্যাচ্য তীব্র শাস্ত হতে পারে। মতপণ্ডলোতে। কেউ যেন ধর্মের বিষয়ে বিয় সৃষ্টি করতে না পারে। নিরাপত্তা এবং তাদের নিরাপত্তা দেওয়া, নিরাপদ রাখার প্রচেষ্টা আমাদের সবাইকে করতে হবে। দেশের বিভিন্ন জায়গায় কার্যক্রম নিষিদ্ধ আওয়ামী লীগ সন্ত্রাসী কর্মকাণ্ড করার চেষ্টা করছে বলে অভিযোগ করে রিজভী বলেন, 'এই অসম্মতি লুটপাটের টাকা দিয়ে মাথা তুলে দাঁড়াচ্ছে চেষ্টা করছে। তা দিয়ে তারা দেশের মধ্যে অরাজকতা তৈরি করে বোমাবাজ করে সন্ত্রাস করে। ফ্যাসিস্ট শক্তি একটা পরিস্থিতি তৈরি করে বর্মমান সন্ত্রাসকে বর্ধ করা় পায়তারা করছে।'
তিনি বলেন, 'সরকার দিন-রাত পরিকল্পের মধ্যে দিয়ে এবং সতর্ক নজরদারীর মধ্যে দিয়ে লীল পরিকল্পনাকারীদের আড়ে আঙ্রে ধরছে।'
ভারপ্রাপ্ত মহাসচিব বলেন, 'লুটপাটের টাকা আওয়াামী ফ্যাসিবাদদের হাতে। দেশকে এক ভংগুরে আমনিগনিয়ে দেবে রেখে পালিয়ে গেছে আওয়ামী লীগ। এখন সেটা পূর্ণপটনের কাজ করছেন বর্তমান প্রধানমন্ত্রী তারেক হাছান।'
তন্মধ্যদে রক্তশোষা করে রিজভী বলেন, 'জুলাই বিপ্লবে তরুণ ছাত্রসত্তার দেশের গণতন্ত্র পুনরুদ্ধারের জন্য তাদের যে প্রচেষ্টা তা নিঃসন্দেহ প্রশংসার দাবিদার। তারা সেই সময় দেশের স্বাধীনতা সার্বভৌমত্ব, গণতন্ত্র নিয়ে বেয়েছে এবং শেখ হাসিনার ভয়াবহ দুঃশাসনের মধ্যে তারা এই কাজগুলো করছে। তরুণরা আছে বলেই দেশটি আরও ফিরে আসতে পেরেছে আবার তারা স্বাধীনতা রক্ষা করতে ছাড়েছে।'
তিনি বলেন, 'একটি প্রায়ক দুঃশাসনের পরিকল্পিতে প্রায় জনসার অভ্যুত্থান এবং প্রায় দেড় বছরের মাথায় একটি সুদৃ় নির্বাচনের মধ্যে দিয়ে বিনএনপি সরকার ক্ষমতায় এসেছে। উত্তরাধিকার সূত্রে ব্যাকেরে লুটপাট, টাকা পাচার, আর্থিক খাতের চরম অবাবস্থাপনা এবং লুটপাট এগুলো পেতে হয়েছে। এর মাঝে শুরু হয়েছে মধ্যপ্রাচ্য যুদ্ধ। এর মধ্যে সরকারকে দেশ পরিচালিত করতে হচ্ছে।'

থামানো যাচ্ছে না ইলিশ শিকার

অধিদপ্তরের তথ্য অনুযায়ী, ছয়দিনের সবচেয়ে বেশি অভিযান পরিচালিত হয়েছে হিজলা উপজেলায়। সেখানে ৩৩টি অভিযানে ৩০টি মামলা করা হয়েছে। কারাদণ্ড দেওয়া হয়েছে ২১ জনকে। এ ছাড়া ছয় লাখ ২৬ হাজার মিটার লিফ্ট জাল করা হয়েছে, যার আনুমানিক মূল্য ৪৮ লাখ ৩০ হাজার টাকা। মেহেদিগঞ্জ উপজেলায় ২২টি অভিযানে ২৬টি মামলা করা হয়েছে এবং ১৮ জনকে কারাদণ্ড দেওয়া হয়েছে। মুন্সালীতে ১৯টি অভিযানে তিনটি দটি মামলা করা হয়। বরিশাল সদর উপজেলায় ১৮টি অভিযানে ২০টি মামলা করা হয়েছে এবং ১৮ জনকে কারাদণ্ড দেওয়া হয়েছে। এ ছাড়া বাবুগঞ্জে ১৩টি, গৌরনদীতে ১১টি, উজিরপুরে ১০টি, বারেকগঞ্জে ১২টি এবং বানারীপাড়ায় ১১টি অভিযান পরিচালনা করা হয়েছে। এ সময়ে জেলায় মোট ২৭টি মোবাইল কোর্ট পরিচালিত হয়। অভিযানে জন্দ করা নিষিদ্ধ জালের আনুমানিক মূল্য ৭৭ লাখ ৫৮ হাজার টাকা। বিপুল পরিমাণ জাল জন্দের পরও নদীতে অবৈধ মাছ শিকারের তপস্বতা কমতায় এসেছে। উত্তরাধিকার সূত্রে ব্যাকেরে লুটপাট, টাকা পাচার, আর্থিক খাতের চরম অবাবস্থাপনা এবং লুটপাট এগুলো পেতে হয়েছে। এর মাঝে শুরু হয়েছে মধ্যপ্রাচ্য যুদ্ধ। এর মধ্যে সরকারকে দেশ পরিচালিত করতে হচ্ছে।'

সুযোগ পেলেই মাছ শিকারে নামছে। নদীর সব এলাকায় নিয়মিত নজরদারী না থাকলে এভাবে ইলিশ রক্ষা করা কঠিন।'
ওই এলাকার আরও কয়েকজন বাসিন্দা বলেন, শুধু অভিযান চালিয়ে ও জাল জন্দ করে পরিস্থিতি পুরোপুরি নিয়ন্ত্রণ করা সম্ভব নয়।
নিষেধাজ্ঞার পুরো সময় নদীতে টহল জোরদার করতে হবে। একই সঙ্গে অবৈধ মাছ শিকারে জড়িত ব্যক্তিদের বিরুদ্ধে আইনগত ব্যবস্থা নেওয়ার পাশাপাশি নিষেধাজ্ঞার কারণে ক্ষতিগ্রস্ত প্রকৃত জেলাদের সরকারি সহায়তা নিশ্চিত করা প্রয়োজন। তাদের মতে, মা ইলিশ রক্ষায় স্থানীয় জনপ্রতিনিধি, মৎস্যজীবী সংগঠন ও নদীতীরবর্তী বাসিন্দাদের সম্পৃক্ত করা দরকার। এতে নিষেধাজ্ঞা অমান্য করে মাছ শিকারের তথ্য দ্রুত প্রশাসনের কাছে পৌছানো সম্ভব হবে।
মৎস্য বিভাগের কর্মকর্তাদের অভিযোগ, হিজলা ও মেহেদিগঞ্জসহ কয়েকটি এলাকায় অভিযান চালাতে গিয়ে বাধার মুখে পড়তে হচ্ছে। অভিযানে অংশ নেওয়া সদস্যদের লক্ষ্য করে ইট-পটেকল ছোঁড়ার ঘটনাও ঘটছে। এতে নদীতে নিয়মিত অভিযান পরিচালনা করা চ্যালেঞ্জ হয়ে দাঁড়িয়েছে।
বরিশাল জেলা মৎস্য কর্মকর্তা ড. মো. হাউউজ্জামান বলেন, 'মা ইলিশ রক্ষায় প্রতিদিন অভিযান চলছে। তবে অসামু্য জেলেরা অভিযানে বাধা সৃষ্টি করতে আমাদের ওপর ইট ছুঁড়ে হামলা চালাচ্ছে। তারপরও আমরা সর্বোচ্চ শক্তি দিয়ে অভিযান পরিচালনা করছি।'
তিনি জানান, নিষেধাজ্ঞা কার্যকর রাখতে অভিযান অব্যাহত রয়েছে। আইন অমান্যকারীদের বিরুদ্ধে মামলা, কারাদণ্ড ও জরিমানাসহ প্রয়োজনীয় ব্যবস্থা নেওয়া হচ্ছে। তিনি আরও বলেন, 'একই সঙ্গে নিষেধাজ্ঞার সমগ্র প্রকৃত জেলেরা যাতে জরিফা নিয়ে সংকটে না পড়েন, সে জন্য সরকারি সহায়তা নিশ্চিত করা জরুরি। ইলিশের উপাদান ও প্রজনন রক্ষায় প্রশাসন, মৎস্য বিভাগ এবং স্থানীয় জনগণকে সমন্বিতভাবে কাজ করতে হবে।'

আগৈলঝাড়ুর মাসুদ খান

পরওয়ানা তামিল এবং জনবান্ধব পুলিশি কার্যক্রম মূল্যায়নে তিনি জেলায় প্রথম স্থান অর্জন করেন। গত সেপ্টেম্বর মাসে আগৈলঝাড়া থানা-পুলিশের অভিযানে ২ হাজার ২১৭ পিস ইয়াবা, ৫৪০ গ্রাম গাঁজা এবং ২০ লিটার দেশীয় মদ উদ্ধার করা হয়। মাদক সত্রোক্ত ৭৫টি মামলায় ৭৩ জনকে অভি্যক্ত করে ৬৩ জন আসামিকে গ্রেফতার করে আদালতে পাঠানো হয়েছে। পুরস্কার প্রাপ্তির বিষয়ে অনুভূতি প্রকাশ করে ওসি মোহাম্মদ মাসুদ খান বলেন, এই অর্জন আগৈলঝাড়া থানার প্রতিটি পুলিশ সদস্যের কঠোর পরিশ্রম ও পেশাদারিত্বের ফল। পাশাপাশি স্থানীয় জনগণের সহযোগিতায়ই এই সফলতা সম্ভব হয়েছে। জেলা পুলিশ সুপারের নির্দেশনামত একটি অপরাধ ও মাদকসত্ত্ব আগৈলঝাড়া গড়তে পুলিশি সেবা অব্যাহত রাখার প্রত্যায় বক্ত করেন তিনি। জেলা পুলিশের জ্যেষ্ঠ কর্মকর্তারা জানান, মাদক উদ্ধার ও আইনশৃঙ্খলা রক্ষায় আগৈলঝাড়া থানার এই সাফল্য পুরো জেলার পুলিশিং ব্যবস্থার জন্য ইতিবাচক দৃষ্টান্ত হয়ে থাকবে।

আগৈলঝাড়ুর দুর্বোগ প্রশমন

পরিষদ চব্বরে এসে শেষ হয়।
পুরে উপজেলা পরিষদ হলরুমে উপজেলা নির্বাহী কর্মকর্তা নিকুম্ম মজুমদারের সভাপতিত্বে আলোচনা সভা অনুষ্ঠিত হয়।
সভায় বক্তব্য রাখেন উপজেলা সহকারী কমিশনার (ভূমি) মোঃ তানজিম হোসেন তামাল, উপজেলা প্রকল্প ব্যবস্থায়ন কর্মকর্তা অময় সাহা, উপজেলা সমবায় কর্মকর্তা আব্দুস সালাম, গৌরনদী ফায়ার সার্ভিসের ট্রেনশ অফিসার মিজানুর রহমান, উপজেলা বিনএনপির ভারপ্রাপ্ত আহ্বায়ক শিকদার হাফিজুল ইসলাম, যুগ্ম আহ্বায়ক শাহ মোহাম্মদ বশরুয়ার, সরেয়ার হোসেন মিয়া, আবুল হোসেন মোল্লা প্রমোদনের সভাপতি মোঃ শামীম এফ এম নাজমুল রিপন সাহা সভাপতি সাইফুল মুখা এচি এম সাদুস এফ এম নাজমুল রিপন বাংলা চিভি বরিশাল ব্যুরো প্রধান সহ প্রমুখ।
এসময় উপজেলা বিনএনপির যুগ্ম আহ্বায়ক মোহাম্মদ আলী, উপজেলা যুবদেরের যুগ্ম আহ্বায়ক হাবিবুর রহমান মুন্সি, বরিশাল জেলা য়েজ্জাসেবক দলের যুগ্ম আহ্বায়ক হাফিজুর রহমান সাদেক, জেলা ইউনিয়ন বিনএনপির সদস্য সচিব বদিউজ্জামান সরম মোল্লা, বিআরডিবির চেয়ারম্যান আকতারুজ্জামান, বিনএনপি নেতা রহিম হাওলাদার, বেত্তাল ফকির শুভ তালুকদার সহ বিভিন্ন সরকারি দপ্তরের কর্মকর্তা, ফায়ার সার্ভিসের প্রতিনিধিদল এবং বিভিন্ন শিক্ষা প্রতিষ্ঠানের শিক্ষক-শিক্ষার্থীরা উপস্থিত ছিলেন।
আলোচনায় সভায় বক্তরা দুর্বোগের ঝুঁকি হ্রাসে সচেতনতা বৃদ্ধি, আগাম প্রস্তুতি গ্রহণ এবং জানামালের ক্ষয়ক্ষতি কমাতে সমর্থিত উদ্যোগের ওপর গুরুত্বারূপ করেন। পরে ফায়ার সার্ভিসের উদ্যোগে অগ্নিনির্বাপন মহড়া প্রশন্ন করা হয়।
এ সময় আন্তন লাগাসহ জরুরি পরিস্থিতিতে করণীয় ও উদ্ধার কার্যক্রম সম্পর্কে শিক্ষার্থীদের হাতে-কলমে ধারণা দেওয়া হয়ও সার্বিক দিক তুলে ধরে আলোচনাসভা করণ হয়

বিদ্যালয়ের প্রায় এক হাজার

নির্মাণকাজের জন্য পুরোনো সিঁড়িকক্ষ ভাঙার সময় বিপুল পরিমাণ রড পাওয়া যায়।
পুরে সেগুলো বিদ্যালয়ে সরক্ষণ করা হয়েছিল। তাদের অভিযোগ, এসব রডের সঙ্গে পূর্ববর্তী শিক্ষকের কাছ থেকে দায়িত্ব বুকে নেওয়ার তালিকায় (চার্জ লিস্ট) উল্লেখ থাকা ৬৫ কেজির রডের কোনো সম্পর্ক নেই। স্থানীয়দের ভাষা, চার্জ লিস্টে থাকা ৬৫ কেজি রড ছিল চাঁদাদারের রেখে যাওয়া অতিরিক্ত টুকরা রড। অন্যদিকে, সিঁড়িকক্ষ ভাঙার সময় পাওয়া পুরোনো রডগুলো বিদ্যালয়ের কমিটির সংশ্লিষ্ট ব্যক্তি ও ভারপ্রাপ্ত প্রধান শিক্ষিকা শাহনাজ আক্তার বিক্রি করেছেন বলে অভিযোগ উঠেছে। তবে এ অভিযোগের স্বাধীনভাবে বসে তদাচ্য করা যায়নি। স্থানীয় বাসিন্দা সিয়াত জানান, রডগুলো বিক্রির উদ্দেশ্যে ভ্যানপাড়িতে তোলার সময় তিনি ঘটনাস্থলে উপস্থিত ছিলেন। পরে বিষয়টি জানাজানি হলে রাতে কিছু রড বিদ্যালয়ের একটি কক্ষে এনে রাখা হয়ছিল বলে দাবি করেন তিনি। এ সময়ও তিনি সেখানে উপস্থিত ছিলেন বলে জানান সিয়াত। তার আরও বলে, রড বিক্রির বিষয়টি কাউকে না জানানোর জন্য বিদ্যালয়ের সাবেক সভাপতি মিজানুর রহমানকে অনুরোধ করেছিলেন। তবে সব অভিযোগ অস্বীকার করেছেন বিদ্যালয়ের ভারপ্রাপ্ত প্রধান শিক্ষিকা শাহনাজ আক্তার। তিনি বলেন, বিদ্যালয় থেকে কোনো রড বিক্রি করা হয়নি। এটি সম্পূর্ণ মিথ্যা অভিযোগ। তার দাবি, বহিরাগত কিছু ছেলে রাতে বিদ্যালয়ে প্রবেশ করত। তাদের পরিচয় পদ্ধি বন্ধ করে দেওয়ায় উদ্দেশ্যপ্রসোদিতভাবে তার বিরুদ্ধে এ অভিযোগ তোলা হয়েছে। এ বিষয়ে কাটালিয়া উপজেলা সহকারী প্রাথমিক শিক্ষা কর্মকর্তা কিং ফয়সাল বলেন, গত ৭ অক্টোবর রড বিক্রির বিষয়টি জরাজীতে গেরে ৮ অক্টোবর তিনি বিদ্যালয় পরিদর্শন করেন। ওই সময় বিদ্যালয়েরে চৌরসকুমে রড পাওয়া যায়। তিনি আরও বলেন, দায়িত্ব হস্তান্তরের তালিকায় উল্লেখ থাকা রড এবং বিক্রির অভিযোগ গঠা রড এক নয়—এমন তথ্য নতুন করে সামনে এসেছে। বিষয়টি পুনরায় তদন্ত করে প্রয়োজনীয় ব্যবস্থা নেওয়া হবে। বিদ্যালয়ের পুরোনো রড বিক্রির অভিযোগ, সামাজিক যোগাযোগমাধ্যমে ছড়িয়ে পড়া ভিডিও এবং সংশ্লিষ্ট ব্যক্তিদের বক্তব্য ঘিরে এখন এলাকার নানা প্রশ্ন উঠেছে। তদন্তে রডের প্রকৃত পরিমাণ, মালিকানা ও বিক্রির ঘটনা সম্পর্কে বিস্তারিত তথ্য উঠে আসবে বলে আশা করছেন স্থানীয়রা।

স্কুলে ভর্তির নীতিমালা প্রকাশ

মাধ্যমিক ও উচ্চশিক্ষা অধিদপ্তর (মাউশি) কেন্দ্রীয়ভাবে ডিজিটাল লটারির মাধ্যমে প্রথম শ্রেণিতে ভর্তিপ্রক্রিয়া সংক্রান্ত বাবতীয় কার্যক্রম সম্পন্ন করবে। ভর্তি কমিটির সদস্যদের উপস্থিতিতে লটারির কার্যক্রম সম্পন্ন করতে হবে। লটারি কার্যক্রমে সচ্ছতা নিশ্চিত করতে হবে। লটারির মাধ্যমে নির্বাচিত শিক্ষার্থীর তালিকা প্রস্তুত করার পাশাপাশি শূন্য আসনের সমান সংখ্যক অপেক্ষমান তালিকাও প্রস্তুত রাখতে হবে। ভর্তি কমিটি কর্তৃক নির্ধারিত তারিখে নির্বাচিত শিক্ষার্থী ভর্তি না হলে অপেক্ষমান তালিকা থেকে পর্যায়ক্রমে ভর্তির ব্যবস্থা গ্রহণ করতে হবে। প্রাথমিক স্তর

অর্থাৎ, দ্বিতীয় থেকে পঞ্চম শ্রেণি পর্যন্ত ৫০ নম্বরের পরীক্ষা নেওয়া হবে। এরমধ্যে বাংলায় ১৫, ইংরেজিতে ১৫ ও গণিতে ২০ নম্বরের প্রশ্নপত্র থাকবে। ভর্তি পরীক্ষার সময় হবে ১ ঘণ্টা। ষষ্ঠ থেকে নবম শ্রেণিতে ভর্তি পরীক্ষা হবে ১০০ নম্বরের ওপর। এরমধ্যে বাংলায় ৩০, ইংরেজিতে ৩০ এবং গণিতে ৪০ নম্বর থাকবে। ভর্তি পরীক্ষার সময় হবে ২ ঘণ্টা। নীতিমালার নির্দেশনামতে, ভর্তি কমিটির সিদ্ধান্ত অনুযায়ী প্রতিষ্ঠানপ্রধানরা নিজ নিজ প্রতিষ্ঠানে শূন্য আসনের সংখ্যা উল্লেখ করে ভর্তি বিজ্ঞপ্তি প্রচার করবেন। এছাড়া ভর্তি কমিটি জাতীয়, স্থানীয় পত্রিকা এবং ওয়েবসাইটে বিজ্ঞপ্তি প্রকাশের মাধ্যমে ব্যাপক প্রচারের ব্যবস্থা নেবে।

নির্ধারিত সময় শেষ হলেও শেষ

রয়েছে। ফলকে দেওয়া তথ্য অনুযায়ী, কাজ শুরু তারিখ ১৮ ফেব্রুয়ারি ২০২৪, চুক্তিমূল্য ১০ কোটি ৭৯ লাখ ৩ হাজার ৭৮৮ টাকা ৪৮১ পয়সা এবং নির্মাণকাজের মোয়াদ ৭৩০ দিন বা ২৪ মাস। সে হিসাবে ২০২৬ সালের ফেব্রুয়ারিতে নির্মাণকাজের নির্ধারিত মোয়াদ শেষ হওয়ার কথা। তবে নির্ধারিত সময় পেরিয়ে গেলেও ভবনটির কাজ এখনো সম্পন্ন হয়নি। নির্মাণাধীন ভবনের এক শ্রমিক জানান, ভবনের বাকি কাজ শেষ করতে খুব বেশি সময় লাগার কথা নয়। তবে শ্রমিকসঙ্ঘতা ও বিভিন্ন সমস্যার কারণে কাজের গতি কমে গেছে পর্যাপ্ত শ্রমিক নিয়োগ করা হলে কাজের গতি বাড়বে এবং দ্রুত নির্মাণকাজ শেষ করা সম্ভব হবে।'
নির্মাণাধীন ভবনের এক তত্ত্বাবধায়ক বলেন, 'জুলাইয়ের আন্দোলনের সময় নির্মাণকাজ বন্ধ হয়ে যায়। এরপর থেকে কাজ ধীরে ধীরে এগিয়েছে। বিভিন্ন জটিলতার মধ্য দিয়ে কাজ চালিয়ে নিতে হয়েছে। এসব কারণে নির্ধারিত সময়ের মধ্যে নির্মাণকাজ শেষ করা সম্ভব হয়নি। তবে আমরা আশা করছি, দ্রুত বাকি কাজ শেষ করা যাবে। এ বিষয়ে সরকারি স্টেশন দিয়ে আলী কলিজের অধ্যক্ষ অধ্যাপক মোঃ আশ্বতরুজ্জামান খান বলেন, 'নির্ধারিত সময়ের মধ্যে ভবনটির নির্মাণকাজ শেষ হওয়ার কথা থাকলেও বিভিন্ন কারণে তা সম্পন্ন হয়নি। শেষটি নিয়ে আমরা ঠিকাদারি প্রতিষ্ঠানের সঙ্গে যোগাযোগ করছি।'
তারা দ্রুত নির্মাণকাজ শেষ করবে বলে আমাদের অশ্বত্বত্ব করছে।'
নির্ধারিত সময় পেরিয়ে গেলেও নির্মাণকাজ শেষ না হওয়ায় দ্রুত ভবনটি সম্পন্ন করে ব্যবহারের উপযোগী করার দাবি জানিয়েছেন কলেজের শিক্ষার্থীরা। তাদের মতে, নতুন একাডেমিক ভবনটি চালু হলে শ্রেণিকক্ষের চাহিদা পূরণ এবং শিক্ষার পরিবেশ উন্নয়নে সহায়ক হবে। কলেজের এক শিক্ষার্থী বলেন, 'আমরা চাই, নতুন ভবনটি নির্মাণকাজ দ্রুত শেষ হোক। একটি শিক্ষাপ্রতিষ্ঠানে শিক্ষার্থীদের জন্য পর্যাপ্ত শ্রেণিকক্ষ ও উন্নত শিক্ষার পরিবেশ থাকা জরুরি। নির্ধারিত সময়ের মধ্যে কাজ শেষ না হওয়ায় ভবনটি ব্যবহারের সুবিধা পেতে দেরি হচ্ছে। সংশ্লিষ্ট কর্তৃপক্ষের কাছে আমাদের দাবি, নির্মাণকাজের অগ্রগতি তদারকি করে দ্রুত। আরেক শিক্ষার্থী বলেন, 'শিক্ষাপ্রতিষ্ঠানের অবকাঠামো উন্নয়নে সরকারি অর্থ ব্যয় করা যায় শিক্ষার্থীদের সুবিধা নিশ্চিত করার জন্য। তাই নির্ধারিত সময়ের মধ্যে নির্মাণকাজ শেষ করা এবং কাজের মান বজায় রাখা অত্যন্ত গুরুত্বপূর্ণ। আমরা চাই, আর যেন অস্বাভ্য সময়ক্ষেপণ না হয়। সংশ্লিষ্ট কর্তৃপক্ষ ও ঠিকাদারি প্রতিষ্ঠান সমন্বয়ের মাধ্যমে দ্রুত কাজ শেষ করে ভবনটি শিক্ষার্থীদের ব্যবহারের উপযোগী করে তুলবে—এটাই আমাদের প্রত্যাশা। শিক্ষার্থীরা আরও জানান, নির্মাণকাজের অগ্রগতি নিয়ামিত তদারকি করা এবং ভবনটি কবে নাগাদ ব্যবহারের উপযোগী হবে, সে বিষয়ে স্পষ্ট তথ্য জানানো প্রয়োজন। এতে ভবনটি চালুর সম্ভাব্য সময় সম্পর্কে শিক্ষার্থীরা ধারণা পাবেন। শিক্ষার্থীদের জন্য আর্থনিক শ্রেণিকক্ষের ব্যবস্থা করা এবং নির্মাণ শিক্ষার সুযোগ সম্প্রসারণের ক্ষেত্রে নতুন ৬-তলা একাডেমিক ভবনটি গুরুত্বপূর্ণ ভূমিকা রাখতে পারে। তবে নির্মাণকাজ শেষ না হওয়ায় ভবনটি পুরোপুরি ব্যবহারের সুযোগ তৈরি হয়নি। নির্ধারিত সময় পেরিয়ে যাওয়ার পরও নির্মাণকাজ সম্পূর্ণ থাকায় কাজের বর্তমান অগ্রগতি, নির্ধারিত কাজ শেষ করার সময়নীমা এবং ভবনটি কবে নাগাদ ব্যবহার উপযোগী হবে—এসব বিষয়ে সংশ্লিষ্ট কর্তৃপক্ষের সুস্পষ্ট বক্তব্য ও কার্যকর পদক্ষেপ প্রত্যাশা করছেন কলেজের শিক্ষার্থীরা। দ্রুত নির্মাণকাজ শেষ করে ভবনটি শিক্ষার্থীদের ব্যবহারের উপযোগী করা হবে এমনটাই অভিযান।

বরিশালের ৮ নদীতে তীব্র ভাঙন

বিলীন যাচ্ছে ভিটেমাটি, কারও হারিয়ে যাচ্ছে ফসলি জমি ও শেষ সম্বলটুকু।
ভাঙনের সঙ্গে দীর্ঘ লড়াইয়ে অনেক পরিবার আজ সম্পূর্ণ নিরত্ব। বরিশালের নদ-নদীতে অব্যাহত ভাঙনে দ্রুত বদলে যাচ্ছে এ অঞ্চলের ভূপ্রকৃতি ও জলপদক্ষেপ। এতে মেঘনা, কালাবদর, তেঁতুলিয়া, সন্ধ্যা, সুগন্ধা, কীর্তনখোলা, পাণ্ডব ও আড়িয়াল খাঁসহ বিভিন্ন নদীর ভাঙনে একের পর এক বসতবাড়ি, বাজার, সড়ক, শিক্ষাপ্রতিষ্ঠান, ধর্মীয় স্থাপনা ও ফসলি জমি বিলীন হচ্ছে। কোথাও বসতঘর সরিয়ে নেওয়ার আগেই তা নদীতে তলিয়ে যাচ্ছে, আবার কোথাও গুরুত্বপূর্ণ স্থাপনা চলে এসেছে ভাঙনের একেবারে কিনারে। বরিশালের মেহেদিগঞ্জ উপজেলায় নদীভাঙনের পরিস্থিতি বর্তমানে সবচেয়ে ভয়াবহ আকার ধারণ করেছে। মেঘনা, কালাবদর ও তেঁতুলিয়া নদীতীরবর্তী এ উপজেলার চরণগোলাপুর ও আলিাবাদ ইউনিয়নে সাম্প্রতিক সময়ে মাত্র ১০ দিনের ব্যবধানে ৮০টি বসতঘর নদীগর্ভে বিলীন হয়েছে। একই সময়ে একটি বাজারের প্রায় ৪০টি ব্যবসাপ্রতিষ্ঠানও নদীগর্ভে চলে গেছে। এছাড়া উপজেলার খোরিদপুর, চর মিঠুয়া, দড়িচাচর খালুরিয়া, আদর্শ নগর, আদারমানিক, জাঙ্গালিয়া ও দক্ষিণ উদালিয়া এলাকায় ভাঙন আতঙ্ক ছড়িয়ে পড়েছে। শুধু মেহেদিগঞ্জ নয়, বাবুগঞ্জ উপজেলাতেও সন্ধ্যা, সুগন্ধা ও আড়িয়াল খাঁ নদীর ভাঙনে বিপর্যস্ত জনজীবন। এসব নদীর তীরে প্রান্তে সড়ক, বেড়িবাঁধ, শিক্ষাপ্রতিষ্ঠান, মসজিদ, করবহান ও শতাধিক বস

বর্ণনাখানা

আত্মকর্তা প্রতীক

মির্জাগঞ্জে পনিতে ডুবে

উদ্ধার করা হয়। পরে দ্রুত তাকে উদ্ধার করে মির্জাগঞ্জ উপজেলা স্বাস্থ্য কমপ্লেক্সে নিয়ে গেলে কর্তব্যরত চিকিৎসক পরীক্ষা-নিরীক্ষা শেষে মৃত ঘোষণা করেন। শিখ রোজা মনির এই আকস্মিক মৃত্যুতে পরিবারসহ এলাকা জুড়ে শোকের ছায়া নেমে এসেছে। মির্জাগঞ্জ থানা ভারপ্রাপ্ত কর্মকর্তা (ওসি) মো. তৌহিদুজ্জামান জানান, খবর পেয়ে ঘটনাস্থলে পুলিশ পাঠানো হয়েছে। বিষয়টি তদন্ত করে পরবর্তী আইনগত ব্যবস্থা গ্রহণ করা হবে।

ইউপি সদস্য হয়েও জেলে কার্ড

সাগরে মাহ ধরার ফিশিং বোট রয়েছে আমার। তবে মহাজন ও জেলে-সবাইই জেলে কার্ড পাওয়ার অধিকার রয়েছে। আমি চাল উত্তোলন করে অন্য এক জেলেকে দিয়েছি। এ বিষয়ে উপজেলা মতস্য কর্মকর্তা মো. ফাহাদ রহমান বলেন, ইউপি সদস্যের নামে জেলে কার্ডের বিষয়টি আমার জানা নেই। তালিকা না দেখে এ বিষয়ে কিছু বলতে পারব না।

একই মাঠে ছাত্রদল ও শিবিরের কর্মসূচি

আনুষ্ঠানিক কার্যক্রম করা যাবে না। এ বিষয়ে সবার সহযোগিতাও কামনা করেছে কর্তৃপক্ষ। ছাত্রশিবিরে নেতাদের দাবি, তাদের পূর্বনির্ধারিত নবীনবরণ ও কারিগর্যার গাইডলাইন অনুষ্ঠান বাধ্যপ্রস্ত করতে একই দিনে ক্রিকেট টুর্নামেন্টের উদ্যোগ নিয়েছে ছাত্রদল। কলেজ শাখা ছাত্রশিবিরের সভাপতি মো. আল-আমিন বলেন, শিক্ষার্থীদের বরণ করে নিতে এ কর্মসূচি নেওয়া হয়েছে। অনুষ্ঠানে অনুমতি চেয়ে এর মাস আগেরি কলেজ প্রশাসনের কাছে আবেদন করা হয়। পরে ১৬ সেপ্টেম্বর লিখিত অনুমোদনও দেওয়া হয়। অনুষ্ঠান আয়োজনের জন্য প্রয়োজনীয় গুরুত্ব সম্পন্ন করা হয়েছে। এর আগেই গত ১০ সেপ্টেম্বর থেকে অনুষ্ঠানের প্রচারণাও শুরু করা হয়েছে। আল-আমিনের দাবি, তাদের অনুষ্ঠানের প্রচার শুক্র চার ঘট্টা পর ছাত্রদল নির্মমট আয়োজনের বানানর তৈরি করে। তবে এ কর্মসূচির জন্য ছাত্রদের লিখিত আবেদান নেই। কলেজ প্রশাসন দুই সংগঠনকেই অনুমতি না করার নির্দেশ বজায় রেখে জানিয়ে তিনি বলেন, তারা এখনো পূর্বনির্ধারিত অনুষ্ঠান আয়োজনের সিদ্ধান্তে অনড়। অন্যদিকে, কলেজ শাখা ছাত্রদলের আহ্বায়ক আরাফাত ইসলাম ইফতি বলেন, শিক্ষার্থীদের ট্রাড্‌চার্চ ও মানসিক বিকাশের লক্ষ্যে কলেজ ছাত্রাবাসের শিক্ষার্থীদের নিয়ে খেলার আয়োজন করা হয়েছে। দল গঠনসহ গ্রুপটির প্রায় সব কাজ শেষ। এখন পর্যন্ত খেলা আয়োজনের সিদ্ধান্ত রয়েছে। তবে এ কর্মসূচির জন্য কলেজ কর্তৃপক্ষের কাছ থেকে লিখিত অনুমোদন নেওয়া হয়নি বলে জানান তিনি। আরাফাত ইসলাম ইফতি আরও বলেন, কলেজ কর্তৃপক্ষের বিজ্ঞপ্তি তাদের বন্ধের নজরে এসেছে। বিষয়টি নিয়ে জেলা ছাত্রদল ও জেলা বিএনপির সঙ্গে আলোচনা করে হুড়াভ সিদ্ধান্ত নেওয়া হবে। এ বিষয়ে দুপুরের কলেজের অধ্যাপক মো. ইসরাফীল বলেন, সবাইকে জানিয়ে দেওয়া হয়েছে, ১৪ ও ১৫ অক্টোবর কোনো দলই কলেজ ক্যাম্পাসে অনুষ্ঠান করতে পারবে না। ভোলা সদর মডেল খানার ভারপ্রাপ্ত কর্মকর্তা (ওসি) মোহাম্মদ মনিরুল ইসলাম বলেন, একই মতে দুটি ছাত্রসংগঠনের কর্মসূচি ঘিরে উত্তেজনার বিষয়টি পুলিশ জানতে পেরেছে। তবে কলেজ কর্তৃপক্ষ উভয় সংগঠনের অস্থিান বন্ধের নির্দেশ দিয়েছে। কর্তৃপক্ষের সিদ্ধান্তের প্রতি সম্মান দেখিয়ে কোনো সংগঠনই ওই দিন ক্যাম্পাসে অনুষ্ঠান করতে পারবে না। ওসি আরও বলেন, এ বিষয়ে দুই সংগঠনের নেতাদের সঙ্গে কথা বলা হয়েছে এবং একই দিনে কলেজ ক্যাম্পাসে অনুষ্ঠান না করার জন্য তাদের বলা হয়েছে।

অস্বাস্থ্যকর পরিবেশে নিবন্ধন সনদ

পরিশ্রম করা হয়। অভিযানে নেতৃত্ব দেন নেছারাবাদ উপজেলা সহকারী কমিশনার (ভূমি) ও নির্বাহী ম্যাজিস্ট্রেট মো. রায়হান মাহমুদ। এ সময় অস্বাস্থ্যকর পরিবেশে আইসক্রিম উপাদান এবং মোড়কজাত নিবন্ধন সনদ ছাড়া পণ্য উৎপাদন ও বিক্রির প্রমাণ পাওয়ায় কারখানার মালিককে ২০ হাজার টাকা অর্থদণ্ড দেওয়া হয়। স্থানীয় সূত্র জানায়, আতুল হোসেন দীর্ঘদিন ধরে প্রয়োজনীয় কাগজপত্র ও অনুমোদন ছাড়াই কারখানাটিতে আইসক্রিম তৈরি করে আসছিলেন। বিষয়টি জানতে পেরে পরচালনার দৃপ্তে সেখানে অভিযান চালানো হয়। পরে অনিয়মের প্রমাণ পাওয়ায় অ্রামাধ্য আদালত জরিমানা করেন এবং জন্ম করা আইসক্রিম জনসম্মুখে ধ্বংস করেন। পাশাপাশি প্রয়োজনীয় কাগজপত্র ও অনুমোদন সংগ্রহের আগে কারখানা চালু না করার বিষয়ে মালিকের কাছ থেকে মূলচলো নেওয়া হয়। উপজেলা সহকারী কমিশনার (ভূমি) মো. রায়হান মাহমুদ বলেন, ওজন ও পরিমাণ মানদণ্ড আইনে মোড়কজাত নিবন্ধন সনদ ছাড়া অস্বাস্থ্যকর উপাদেে আইসক্রিম উৎপাদন ও বিক্রির অপরাধে অর্থদণ্ড দেওয়া হয়েছে। মূলচলোর মাধ্যমে কারখানা বন্ধ রাখার নির্দেশও দেওয়া হয়েছে। অ্রামাধ্য আদালত পরচালনায় প্রসিকিউটর হিসেবে উপস্থিত ছিলেন বিএসটিআই বরিশালের পরিদক্ষ মো. তাহসিন আলম। এ সময় নেছারাবাদ থানা পুলিশের একটি দল উপস্থিত ছিল।

জান দলিলের মামলায়

সাথে নিয়ে অধিকতর উদত্তর জন্ম পুলিশ ব্যুরো অব ইন্ভেস্টিগেশনকে (পিআইই) নির্দেশ দেন। আদেশের পরিস্থিতিতে জেলা পিবিআই'র পুলিশ সুপার মামলাটি তদন্তের জন্য উপ-পুলিশ পরিদক্ষ (এসআই) মো. রবিউল ইসলামকে দায়িত্ব প্রদান করেন। পিবিআই'র কর্মকর্তা মো. রবিউল ইসলাম তদন্ত শেষে আসামি হারুন-অর রশিদের বিরুদ্ধে জাল জালিয়াতির সভ্যতা পেয়ে আইনগত ব্যবস্থা গ্রহণের সুপারিশ করে গত ২০ মে আদালতে তদন্ত প্রতিবেদন দাখিল করেন। মামলার নির্বাচিত তারিখে গত ১২ অক্টোবর আসামি হারুন-অর রশিদ আদালতে হাজির হয়ে জামিনের আবেদন করেন। ওই আদালতের বিজ্ঞ বিচারক ফজলুল হক ক্তানি শেষে জামিন না মঞ্জুর করে তাকে বরিশাল কেন্দ্রীয় কারাগারে প্রেরণের নির্দেশ দেন। পরবর্তীতে মঙ্গলবার (১৩ অক্টোবর) আসামিপক্ষের আইনজীবী বরিশাল চিফ জুডিসিয়াল ম্যাজিস্ট্রেট আদালতে পুনরায় জামিনের জন্য আবেদন করেন। ক্তানির পর বিজ্ঞ বিচারক তার জামিন না মঞ্জুর করেন।

ভাগুরিয়ায় সার ডিলারশিপ পেলেন

হাওলাদার। পৌরীপুর ইউনিয়নে ‘নাসির ট্রেডার্স’র নামে ডিলারশিপ পেয়েছিলেন বিএনপি নেতা নাহির হাওলাদার। উত্তরাড়িয়া ইউনিয়নে ‘মেসার্স মাইশা এন্টারপ্রাইজ’র মালিক ডিলারশিপ বিএনপির সাধারণ সম্পাদক মো. আল আমীন। ভাগুরিয়া পৌর এলাকায় ‘মেসার্স আরমান এন্টারপ্রাইজ’র মোস্তফা কামাল এবং ধাওয়া ইউনিয়নে ‘মেসার্স একতা স্টোর’র মো. হাবিবুর রহমানও সার ডিলার হিসেবে নিয়োগ পেয়েছেন। উপজেলায় ছয়টি ইউনিয়ন ও একটি পৌরসভায় সার ডিলার নিয়োগের জন্য মোট ৩৪টি আবেদন জমা পড়ে। উপজেলা বাছাই কমিটি প্রতিটি ইউনিয়ন থেকে তিনজন করে আবেদনকারীকে সুপারিশ করে জেলা কমিটির কাছে পাঠায়। উপজেলা কমিটির সূত্র জানায়, ওই সুপারিশের ভিত্তিতেই জেলা কমিটি ডিলার নিয়োগ দিয়েছে। সরকারি ওয়েবসাইটে প্রকাশিত সার ডিলারদের তালিকা থেকেও নিয়োগপ্রাপ্তদের তথ্য পাওয়া গেছে। তবে নিয়োগপ্রক্রিয়ায় সরকারি বিধিবিধান যথাযথভাবে অনুসরণ করা হয়েছে কি না, তা নিয়ে প্রশ্ন উঠেছে। অভিযোগ রয়েছে, নিয়োগে রাজনৈতিক পরিচয় প্রভাব ফেলেছে। এ ছাড়া কয়েকজন নিয়োগপ্রাপ্তের ব্যবসায়িক যোগ্যতা নিয়েও প্রশ্ন তুলেছেন অভিযোগকারীরা। তবে এ বিষয়ে সংশ্লিষ্টদের বক্তব্য পাওয়া যায়নি। ভাগুরিয়া উপজেলা কৃষি কর্মকর্তা মো. নজরুল ইসলাম বলেন, উপজেলা বাছাই কমিটি প্রতিটি ইউনিয়ন থেকে তিনজন করে আবেদনকারীকে সুপারিশ করে জেলা কমিটির কাছে পাঠিয়েছে। জেলা কমিটি ডিলার নিয়োগ দিয়েছে। উপজেলা নির্বাহী কর্মকর্তা (ইউএনও) মো. হাসিবুল হাসান বলেন, উপজেলা কমিটি কাগজপত্র যাচাই করে জেলা কমিটির কাছে পাঠিয়েছে। জেলা কমিটি সেখান থেকে সিদ্ধান্ত নিয়ে মন্ত্রণালয়ে পাঠিয়েছে। কে দলীয়, আন থেকে দলীয় নন, তা উপজেলা কমিটির দেখার বিষয় নয়। সরকারি বিধি অনুযায়ী প্রতিটি ইউনিয়ন থেকে তিনজনের নাম সুপারিশ করে পাঠানো হয়েছিল।

বোরহানউদ্দিনে ‘দরকষাকষি

এসব খতিয়ান খুঁজতে যান তিনি। এ সময় অফিস সহায়ক হিসেবে পরিচয় দেওয়া মো. রাকিব তাকে জানান, খতিয়ান খুঁজে দিতে কয়েক

দিন সময় লাগবে এবং কাজটি কামোদন। একপর্যায়ে কিছু টাকা দিলে খতিয়ান খুঁজে দেওয়ার কথা বলেন তিনি। পরে সার্টিং ফি হিসেবে রাকিবকে ৩০০ টাকা দেন সবুজ। এরপর ১৮টি খতিয়ানের তথ্য পাওয়া যায়। সবুজ জানান, ওই খতিয়ানগুলোর কপি পাওয়া যাবে কি না জানতে চাইলে দেওয়া যাবে বলে জানান রাকিব এবং তাকে রোববার অফিসে যেতে বলেন। সেদিন অফিসে গেলে ইউনিয়ন উপসহকারী ভূমি কর্মকর্তা বজলুর রহমান জানান, ওই খতিয়ান দেওয়ার নিয়ম তাদের নেই। তবে প্রতিটি খতিয়ানের জন্য ২০০ টাকা করে মোট ১ হাজার ৮০০ টাকা দিলে তা দেওয়া সম্ভব বলে জানান তিনি। এ নিয়ে ‘দরকষাকষি’র একপর্যায়ে ১ হাজার ৫০০ টাকা দাবি করেন ওই কর্মকর্তা। পরে ১ হাজার টাকা দিলে অফিস সহায়ক রাকিব খতিয়ানের নথির ছবি তুলে একটি কম্পিউটারের দোকানির কাছে পাঠান। সেখান থেকে প্রিন্ট করে আনতে বলা হয় সবুজকে। পরে কম্পিউটারের দোকানো আরও ১০০ টাকা দিয়ে ১৮টি খতিয়ানের মধ্যে ১৬টির কপি সংগ্রহ করেন তিনি। বাকি দুটি খতিয়ান দেওয়া হয়নি। সেগুলো নিতে আবার গেলে তাকে সোমবার আসতে বলা হয়। তবে সোমবার সকাল থেকে দুপুর পর্যন্ত অপেক্ষা করেও সংশ্লিষ্ট কর্মকর্তাকে পাননি বলে অভিযোগ করেন সবুজ। তিনি আরও জানান, ভূমি অফিসের সংশ্লিষ্ট ব্যক্তিতা টাকা দিলেও কোনো রদিদ দেননি। শুধু তিনি নন, তার মতো আরও অনেক সেবাপ্রত্যাশী টাকা দিয়ে সেবা নেন। দীর্ঘদিন ধরে থানকা, খতিয়ান ও নামজারির নামে অতিরিক্ত টাকা আদায়ের অভিযোগ রয়েছে ওই অফিসের কর্মকর্তা-কর্মচারীদের বিরুদ্ধে। সোমবার (১২ অক্টোবর) সকাল ১০টার পর ওই ভূমি অফিসে গিয়ে দুপুর পর্যন্ত অপেক্ষা করেও বজলুর রহমানকে পাওয়া যায়নি। পরে তার মৃত্যোৎসবে একাধিকবার কল দিয়েও সেটি স্বধ্ব পাওয়া যায়। এদিকে সামাজিক যোগাযোগমাধ্যমে ছড়িয়ে পড়া একটি ভিডিওতে বজলুর রহমানকে বলতে শোনা যায়, ‘এটা দেওয়ার কোনো এখতিয়ার আমাদের নাই। এটা রেকর্ড রুম থেকে সিরিমোহর আনতে হবে। আমরা আপনাদের সহযোগিতার জন্য মাকে-মহো দিয়ে থাকি। ভাই, আপনার ওই ১ হাজার ৮০০ টাকাটি দিতে হবে।’ পরে তাকে ১ হাজার ৫০০ টাকা দাবি করতেও শোনা যায়। এ বিষয়ে মো. রাকিব বলেন, ‘আমি স্থায়ী কোনো খপে চাকরি করি না। অফিসের কাছে ইউনিয়ন উপসহকারী ভূমি কর্মকর্তা বজলুর রহমান সারার আমাকে তার ব্যক্তিগত সহকারী হিসেবে কাজ করান। কাজের ক্ষেত্রে অনেকে খুশি হয়ে আমাকে যা দেন, তা-ই রাখি। কারও কাছ থেকে অতিরিক্ত কোনো টাকা রাখি না।’ অভিযোগকারী সবুজের কাছ থেকে টাকা নেওয়ার বিষয়ে রাকিব বলেন, ‘আমি ৫০০ টাকা চেয়েছি। তিনি খুশি হয়ে ৩০০ টাকা দিয়েছেন। এটা কোনো সরকারি ফি নয়।’ এদিকে জমির খাজনা পরিশোধ, নামজারি ও অন্যান্য সেবার ক্ষেত্রে সরকারি ফির বাইরে অতিরিক্ত টাকা আদায়, হরারনি এবং কর্মকর্তাদের নিমিত্ত অফিসে না আসার অভিযোগ করছেন স্থানীয় সেবাপ্রত্যাশীরাও। শাহজল খান নামে এক সেবাপ্রত্যাশী বলেন, ‘জমির দাখিলার জন্য আবেদন করে পাঁচ দিন অফিসে গিয়েও দায়িত্বপ্রাপ্ত কোনো কর্মকর্তাকে পাইনি। পরে সেই কাজ আর করতে পাইনি।’ মোস্তাফিজুর রহমান নামে আরেক সেবাপ্রত্যাশী বলেন, ‘বিসারএস খতিয়ান নিয়েছে কি না, তা জানতে বেশ কয়েকবার ভূমি অফিসে গিয়েছি। কিন্তু কোনো সাধনান পাইনি। পরে জেলা রেকর্ড অফিসে গিয়ে সমস্যাটা সমাধান করতে হয়েছে।’ এ বিষয়ে বোরহানউদ্দিন উপজেলা নির্বাহী কর্মকর্তা (ইউএনও) মনোরঞ্জন বসু ও সহকারী কমিশনার (ভূমি) মো. রিফাত হোসেন বলেন, ‘আমরা ভাইরাল হওয়া ভিডিও দেখেছি, এ বিষয় তদন্ত করে আইনগত ব্যবস্থা নেব।’

শ্যালিকার নামে সারের ডিলারশিপ পেতে

এক্ষেত্রে পরিবারের সদস্য পিতা-মাতা, স্বামী-স্ত্রী, পুত্র, পুত্রের স্ত্রী, নানি ও তার স্ত্রী, অবিবাহিত কন্যা ও নির্ভরশীল ভাই-বোন যারা একসঙ্গে খাদ্য গ্রহণ করে তাদের মধ্যে থেকে কেউ আবেদন করতে পারবেন না। নির্ভরযোগ্য সূত্র জানিয়েছে, বিউটি বেগম এবং তার স্বামী মোহাম্মদ আলম খন্দকারের নামে ভোলা জেলায় দুটি সারের লাইসেন্স রয়েছে। বিউটি বেগমের বাবা-মা এবং স্বামীর সহ পরিবারের সবার আইনো ভোলায় স্থায়ী বাসিন্দা। অথচ তিনি তড়িঘুরি করে ভোটার পরিবর্তন করে মেহেন্দিগঞ্জ উপজেলার আলিমাবাদ ইউনিয়নে সারের ডিলারশিপ পেতে আবেদন করেন। আবেদনপত্রে তিনি শুধু তথ্য গোপনই করেননি; বরং মেহেন্দিগঞ্জের আলিমাবাদের মেসার্স ভাই ভাই ট্রেডার্সে নামে সার ও কীটনাশকের ভুয়া ট্রেড লাইসেন্স তৈরি করার অভিযোগও রয়েছে তার বিরুদ্ধে। সূত্র আরও জানিয়েছে, বিউটি বেগমের স্বামী মোহাম্মদ আলম খন্দকারের নামে ভোলার রাজাপুর ইউনিয়নে জনতা বাজারে খুচরা বিক্রেতা হিসেবে সারের সাব ডিলারশিপ রয়েছে। এ ছাড়া ভোলার মোল্লা বাজারে মেসার্স জাহাঙ্গীর ট্রেডার্স নামের আরেকটি সারের ডিলারশিপ পরিচালনা করছেন প্রতিষ্ঠানটির স্বত্বাধিকারী বিউটি বেগম। যার লাইসেন্স নম্বর ৬১৭। সূত্র জানায়, গত ১৪ আগস্ট সারের ডিলারশিপ নিয়োগের প্রজ্ঞান জারি করে কৃষি অধিদপ্তর। এর ছয় দিনের মাথায় ২০ আগস্ট নিজের ভোটার পরিবর্তন করে আনেন বিউটি বেগম। এরপর ২২ আগস্ট ট্রেড লাইসেন্স জমা দেন তিনি। অন্যদিকে, ২০২৫ সালের একটি নাগরিক সনদপত্র জমা দেন বিউটি। তবে এসব অসংলগ্ন এবং নানা প্রস্তরের কিছুটা উত্তর মিলেছে অনুসন্ধান। তড়িঘুরি করে অল্প সময়ের মধ্যে বিউটি বেগমের ভোটার এলাকা পরিবর্তন, ভুয়া ট্রেড লাইসেন্স এবং ডিলারশিপ হাতিয়ে নেওয়ার নেপথ্যের কারিগর হিসেবে উঠে আসে তার দ্বলাভাই ইউপি সদস্য সবুজের না। অভিযোগ উঠেছে, শ্যালিকার নামে ডিলারশিপ আনা হলেও মূলত ইউপি সদস্য সবুজ নিজেই পরিচালনা করবেন সারের ডিলারশিপ। এভাবে শ্যালিকার চারিত্রিক সনদও প্রদান করেছেন সবুজ। আর এমন অভিযোগ স্বীকারও করেছেন এই ইউপি সদস্য। এ প্রসঙ্গে ১০ নম্বর আলিমাবাদ ইউনিয়ন পরিষদের চেয়ারম্যান মোহাম্মদ ইমরান হোসেন বলেন, বিউটি বেগম যেই ট্রেড লাইসেন্স দাখিল করেছেন সেটা তার নামে ইস্যু হাননি। এটি অন্য ব্যক্তির নামে রয়েছে। বিউটি বেগমের নামে ট্রেড লাইসেন্সটি সম্পূর্ণ অবৈধভাবে তৈরি করা হয়েছে। তার ট্রেড লাইসেন্সের কোনো প্রমাণপত্র আমাদের ইউনিয়ন পরিষদে নেই। মেহেন্দিগঞ্জ উপজেলা কৃষি কর্মকর্তা চন্দ্র শেখর বসু বলেন, ‘আমরা কাগজপত্র যাচাই-বাছাই করে নিয়মায়িক বিউটি বেগমকে সারের ডিলারশিপের জন্য নাম পাঠিয়েছি। তবে তার কাগজপত্রে যদি কোনো ঘাটতি থাকে বা জাল-জালিয়াতির প্রমাণ থাকে তবে তা খতিয়ে দেখা হবে।’

অতিরিক্ত দামে এলপিজি বিক্রি করলেই

মধ্যে রয়েছে নির্ধারিত দামের বেশি দামে এলপিজি সিলিভার বিক্রি হলে সংশ্লিষ্ট ব্যক্তিদের বিরুদ্ধে আইনানুগ ব্যবস্থা নেওয়া। মঙ্গলবার (১৩ অক্টোবর) সচিবালয়ে সরকারের কার্যক্রম সম্পর্কে জানাতে আয়োজিত নিয়ামিত সংবাদ সম্মেলনে প্রধানমন্ত্রীর তথ্য ও সম্প্রচার উপদেষ্টা জাহেদ উর রহমান এই তথ্য জানান। এলপিজির সরবরাহ ও বিতরণ পরিচিতি পর্যালোচনা করতে জ্বালানি বিভাগ সব জেলা প্রশাসকের সঙ্গে অনলাইনে মতবিনিময় সভা করেছে বলে জানান প্রধানমন্ত্রীর এই উপদেষ্টা। তিনি বলেন, ওই সভায় এলপিজির বাজার তদারকি ও সরবরাহব্যবস্থা পর্যবেক্ষণে নানা নির্দেশনা দেওয়া হয়েছে। নির্দেশনা অনুযায়ী, প্রত্যেক জেলা প্রশাসক তার জেলার সব এলপিজি ডিস্ট্রিবিউটর ও ডিলারের পূর্ণাঙ্গ তালিকা তৈরি করবেন। সংশ্লিষ্ট অপারেটর থেকে ফ্র্যান্সাইজি, মাস্টার ফ্র্যান্সাইজি, ডিস্ট্রিবিউটর ও ডিলার ক্রেতার নামজমা এলপিজি পেয়েছেন, সেই তথ্য সংগ্রহ করতে হবে। এক্ষেত্রে সংশ্লিষ্ট ব্যক্তি ও প্রতিষ্ঠানের বিস্তারিত পরিচয় যতটা সম্ভব প্রস্তুত করতে বাধ্য হয়েছে। এ ছাড়া জেলা প্রশাসকেরা অবিলম্বে নিজ নিজ জেলার এলপিজি ডিস্ট্রিবিউটর ও ডিলারদের সঙ্গে সভা করবেন। ওই সভায় জেলার এলপিজি সরবরাহ, বিতরণ ও বাজারজাতকরণের বাস্তব পরিস্থিতি পর্যালোচনা করতে হবে। সরকারের নির্দেশনায় আরও বলা হয়েছে, এলপিজি সরবরাহের পুরো ব্যবস্থার প্রতিটি ধাপ (চ্যানেল) থেকে তথ্য সংগ্রহ করতে হবে, যাতে সরবরাহব্যবস্থার প্রতিটি পর্যায় শনাক্ত ও যাচাই করা যায়। কোনো অপারেটর, ফ্র্যান্সাইজি বা ডিস্ট্রিবিউটরের দেওয়া তথ্যের সঙ্গে মাঠপর্যায়ে ডিলারের পাওয়া এলপিজির পরিমাণে

উল্লেখযোগ্য অসামঞ্জস্য থাকলে তা আলাদাভাবে চিহ্নিত করতে হবে। সংগৃহীত তথ্যে কোনো এলাকায় এলপিজির সরবরাহে অস্বাভাবিক ঘাটতি, সরবরাহব্যবস্থায় কোনো বিচ্যুতি কিংবা অপারেটর থেকে ডিলার পর্যায় পর্যন্ত সরবরাহের পরিমাণে উল্লেখযোগ্য অসামঞ্জস্য পাওয়া গেলে তা জ্বালানি বিভাগসহ সংশ্লিষ্ট কর্তৃপক্ষকে জানাতে হবে। জাহেদ উর রহমান বলেন, জেলা পর্যায় থেকে পাওয়া তথ্য সমন্বয় করে এলপিজির অপারেটর থেকে ডিলার পর্যায় পর্যন্ত সরবরাহব্যবস্থার একটি সমন্বিত তথ্যভাণ্ডার তৈরির উদ্যোগ নেওয়া হবে। এর মাধ্যমে ভবিষ্যতে এলপিজির সরবরাহ পরিম্বিতি আরও কার্যকরভাবে তদারক করা সম্ভব হবে।

নিরাপত্তা শঙ্কায় প্রাসাদ থেকে প্রাসাদে

সংশ্লিষ্ট কর্মকর্তাদের বরাতে এক প্রতিবেদনে এ তথ্য জানিয়েছে মার্কিন সংবাদমাধ্যম ওয়াল স্ট্রিট জার্নাল। ৪১ বছর বয়সী যুবরাজকে সর্বশেষ গত ৬ অক্টোবর জনসমক্ষে দেখা যায়। সেদিন তিনি দেশটির একটি জাতীয় রক্তদান কর্মসূচিতে রক্ত দেন। এরপর থেকে তাকে আর প্রকাশ্যে দেখা যায়নি বলে প্রতিবেদনে উল্লেখ করা হয়েছে। সৌদি আরব ও ইয়েমেনের হুতি বিদ্রোহীদের মধ্যে সংঘাত তীব্র হওয়ার প্রেক্ষাপটে যুবরাজের নিরাপত্তাগ্রায় তার পছন্দের একটি বিশেষ দল নিয়োজিত রয়েছে বলেও জানিয়েছে সংবাদমাধ্যমটি। বিন সালমানের এই ‘প্রাসাদ থেকে প্রাসাদে পালানো’র এই খবর এমন এক সময়ে আসছে যখন হুতিরা ড্রোন, ক্রুজ ক্ষেপণাস্ত্র এবং ব্যালিস্টিক ক্ষেপণাস্ত্র দিয়ে রাজধানী রিয়াদে বোমাবর্ষণ অব্যাহত রেখেছে, যার ফলে বারবার হামলায় মরবে কিং খালিদ আন্তর্জাতিক বিমানবন্দর ১৭ অক্টোবর পর্যন্ত বন্ধ করে দিতে বাধ্য হয়েছে। প্রতিবেদন অনুযায়ী, ১০ অক্টোবর এক এক দশকের মধ্যে সৌদি আরবের ওপর সবচেয়ে ভয়াবহ হামলার ঘটনা ঘটে। হুতিদের অন্তত একটি ক্ষেপণাস্ত্র রাজধানী রিয়াদের কিং খালিদ আন্তর্জাতিক বিমানবন্দরে আঘাত হানে। এতে অন্তত ১৩ জন নিহত এবং ৩০০ জন আহত হন। আহতদের অনেকের অবস্থা গুরুতর। হামলার বিষয়ে অবহিত কর্মকর্তাদের বরাত দিয়ে ওয়াল স্ট্রিট জার্নাল জানিয়েছে, ইরান যুদ্ধের সঙ্গে সংশ্লিষ্ট সংঘাতগুলোতে যুক্তরাষ্ট্র ও উপসাগরীয় অঞ্চলে তাদের মিত্রদের ওপর এটিই ছিল এককভাবে সবচেয়ে প্রাণঘাতী হামলা। এতে ২৮ বছর বয়সী এক মিসরীয় বিমানবালা রক্তক্ষরণে মারা যান। ক্ষেপণাস্ত্র হামলায় তার একটি হাত বিচ্ছিন্ন হয়ে গিয়েছিল। তাহাহতদের মধ্যে আরও কয়েকজনের অঙ্গহানির ঘটনা ঘটেছে। সন্তাহান্তে ক্ষেপণাস্ত্র হামলার পর থেকে কিং খালিদ আন্তর্জাতিক বিমানবন্দর বন্ধ রয়েছে। গত পাঁচ দিনে বিমানবন্দরটিতে চারবার হামলা হয়েছে বলে প্রতিবেদনে বলা হয়েছে। ১ অক্টোবর থেকে ১৩ অক্টোবর পর্যন্ত প্রকাশিত সংবাদ অনুযায়ী, সৌদি আরবে হুতিদের হামলায় অন্তত ২০ জন নিহত হয়েছেন। এই হামলাগুলো সৌদি আরবের রাজধানী রক্ষার সম্ভকতা নিয়ে উগ্ধেণ বাড়িয়েছে, যখন খবর বেরিয়েছে যে দেশটির ধর্মের আসা ব্যালিস্টিক ও ক্রুজ ক্ষেপণাস্ত্র ভূপাতিত করতে ব্যবহৃত ইন্টারসেন্টর ক্ষেপণাস্ত্রের মজুত কমে আসছে। ইরানের বিরুদ্ধে মার্কিন-ইসরায়েল যুদ্ধ শুরু হওয়ার পর উৎক্ষেপিত ইরানি ব্যালিস্টিক ও ক্রুজ ক্ষেপণাস্ত্র প্রতিরোধ করতে সৌদি আরবও এই অঞ্চলের অন্যান্য দেশের মতো বিপুল পরিমাণে ইন্টারসেন্টর ক্ষেপণাস্ত্র ব্যয় করেছে। ফলে তাদের আকাশ প্রতিরক্ষা ব্যবস্থা ব্যাপক চাপের মধ্যে আছে। এদিকে সৌদি আরবের জ্বালানিমন্ত্রী খ্রিস আবদুলআজিজ বিন সালমান সতর্ক করে বলেছেন, হামলার ভয়াবহতা বিবেচনায় নিয়ে এর জবাবও সমান গুরুতর হবে। যুক্তরাষ্ট্রের প্রেসিডেন্ট ডোনাল্ড ট্রাম্প হুতিদের বিরুদ্ধে সৌদি আরবের হামলায় যুক্ত হওয়ার বিষয়টি বিবেচনা করছেন বলে জানিয়েছেন। মক্কা চুক্তির আওতাভুক্ত সৌদি আরবের মিত্ররাও রিয়াদেছে প্রতি সমর্থন জানিয়েছে।

চরমোত্তোাজে স্বাস্থ্যকেদ্রের

দিয়েছে। মঙ্গলবার (১৩ অক্টোবর) সকাল থেকে দুপুরের মধ্যে এ দুই নবজাতকের মৃত্যুর ঘটনা ঘটে। স্থানীয় সূত্রে জানা যায়, দক্ষিণ চরমোত্তোজের বাসিন্দা সেহেল ও জিনিয়া বেগমের সন্তান প্রসবের জন্য মঙ্গলবার সকাল ১০টার দিকে স্বজনেরা স্পিডবোটে গলাচিপা উপজেলা স্বাস্থ্য আবদুলআজিজ উদ্দেশে রওনা হন। প্রায় ২০ মিনিট চলার পর নদীর মাঝখানে স্পিডবোটেই সন্তান প্রসব করেন জিনিয়া। পরে নবজাতকের মৃত্যু হয়। স্বাস্থ্য কমপ্লেক্সে পৌছানোর আগেই এ ঘটনা ঘটে বলে জানিয়েছে পরিবার। জিনিয়া বেগমের ভাই মো. বাচ্চু বলেন, সকাল থেকেই আমার বোনের প্রসবব্যথা শুরু হয়। ধীরে ধীরে ব্যথা বাড়তে থাকলে স্পিডবোটের খবর দেওয়া হয়। কিন্তু সময়মতো স্পিডবোট ঘাটে না আসায় দ্রুত হাসপাতালে নেওয়া সম্ভব হয়নি। পরে নদীর মাঝখানে স্পিডবোটেই সন্তান প্রসব হয়। কিন্তু শিশুটিকে বাচানো যায়নি। এরপর বোনকে বাড়িতে নিয়ে আসি। তিনি অসুস্থ থাকায় স্থানীয় চিকিৎসকের মাধ্যমে চিকিৎসা দেওয়া হয়। অন্যদিকে, একই ইউনিয়নের দক্ষিণ চরমোত্তোজের বাসিন্দা এবং ভাসমান মাস্তা সম্প্রদায়ের সদস্য মো. সজীব ও বিথী আক্তারের নবজাতকের মৃত্যু হয় দুপুর এক টার দিকে। বিথীর মা মালা বেগম জানান, সকাল থেকে তার মেয়ের প্রসবব্যথা শুরু হয়। পরে ব্যথা তীব্র হলে স্থানীয় এক চিকিৎসকের পরামর্শ নেওয়া হয়। তিনি বিথীকে গলাচিপা উপজেলা স্বাস্থ্য কমপ্লেক্সে নেওয়ার পরামর্শ দেন। তবে তাৎক্ষণিকভাবে হাসপাতালে যাওয়ার মতো টাকা না থাকায় তারা যেতে পারেননি। মালা বেগম বলেন, আমি চরমোত্তোজের স্থানীয় চিকিৎসকদের অনেক অনুরোধ করছি, কিন্তু কেউ আমার কাছে আসেননি। ইউনিয়ন স্বাস্থ্য ও পরিবার কল্যাণ কেন্দ্রে গিয়েও কোনো চিকিৎসক পাইনি। পরে স্থানীয় ধাত্রী আসমা বেগমের সহায়তায় বাড়িতে সন্তান প্রসব হয়। কিন্তু আমার ন্যিকে বাঁচানো যায়নি। সময়মতো হাসপাতালে নিতে পারলে হয়তো শিশুটিকে বাঁচানো যেত। চরমোত্তোাজ ইউনিয়নে প্রায় ৪৫ হাজার মানুষের বসবাস। ইউনিয়নে স্বাস্থ্য ও পরিবার কল্যাণ কেন্দ্র থাকলেও প্রয়োজনীয় জনবল না থাকায় প্রসূতিসেবা ব্যাহত হচ্ছে বলে জানিয়েছেন সংশ্লিষ্ট কর্মকর্তা। চরমোত্তোাজ ইউনিয়ন স্বাস্থ্য ও পরিবার কল্যাণ কেন্দ্রের পরিবার পরিকল্পনা পরিদক্ষ ইলিয়াস হোসাইন জানান, ইউনিয়নে প্রতি মাসে প্রায় ২০ থেকে ২৫টি স্বাভাবিক প্রসব হয়। তার ডাঘা অনুযায়ী, এসব প্রসবের প্রায় সবই বাড়িতে অদক্ষ ধাত্রীদের সহায়তায় সম্পন্ন হয়। বর্তমানে ইউনিয়নে প্রায় ১৬০ জন গর্ভবতী মা রয়েছেন। ইলিয়াস হোসাইন বলেন, সরকার নির্ধারিত জনবলের অভাবে গর্ভবতী মায়েরা প্রসবপূর্ব ও প্রসব-পরবর্তী সেবা থেকে বঞ্চিত হচ্ছেন, যা অত্যন্ত দুঃখজনক। ইউনিয়ন স্বাস্থ্য ও পরিবার কল্যাণ কেন্দ্রে একজন উপসহকারী কমিউনিটি মেডিকেল অফিসার এবং একজন পরিবার কল্যাণ পরিদর্শিকার (এফওলিউভি) পদ থাকলেও দুটিই শূন্য। এ কারণে প্রয়োজনীয় সেবা দেওয়া সম্ভব হচ্ছে না। গলাচিপা উপজেলা স্বাস্থ্য ও পরিবার পরিকল্পনা কর্মকর্তা ডা. মেজবা উদ্দিন বলেন, ঘটনাটি আমরা শুনেছি। তবে রোগী আমাদের গলাচিপা উপজেলা স্বাস্থ্য কমপ্লেক্সে আসেননি; তারা চরমোত্তোাজে চলে গেছেন। চরমোত্তোজের স্বাস্থ্যকেন্দ্রে জনবল দেওয়ার চেষ্টা করব। ইউনিয়দের ডাঘা, চরমোত্তোাজ থেকে গলাচিপা উপজেলা স্বাস্থ্য কমপ্লেক্সে যেতে নদীপথে প্রায় ৪০ কিলোমিটার পাড়ি দিতে হয়। এতে তার থেকে পাচ ঘট্টা পর্যন্ত সময় লাগতে পারে। জরুরি প্রয়োজনে সব সময় স্পিডবোটেও পাওয়া যায় না। অন্যদিকে, রাস্তাবালী উপজেলায় পূর্ণাঙ্গ উপজেলা স্বাস্থ্য কমপ্লেক্স না থাকায় চরমোত্তোজ ডাঘা বাসিন্দাদের গলাচিপা ও গুরুর নির্ভর করতে হয়। একই দিনে দুই নবজাতকের মৃত্যুর ঘটনায় চরমোত্তোজের স্বাস্থ্যকেন্দ্রে দ্রুত জনবল নিয়োগ, নিরাপত্ত প্রসবসেবা, প্রসবপূর্ব ও প্রসব-পরবর্তী পরিচর্যা এবং জরুরি রোগী পরিবহনের কার্যকর ব্যবস্থা নিশ্চিত করার দাবি জানিয়েছেন স্থানীয়রা।

জিনের মাধ্যমে সুস্থ করার আশ্বাস

খান (২৪) বাকেরগঞ্জ উপজেলার রঙ্গশ্রী ইউনিয়নের বাসিন্দা এবং মামুন খানের ছেলে। মামলার এজাহার অনুযায়ী, নীর্দার্দীন ধরে মাথাব্যথায় ভুগছিলেন সাকির। একপর্যায়ে ফেসবুকে একটি বিজ্ঞাপন দেখে সেখানে দেওয়া মোবাইল নম্বরে রনি হাওলাদারের সঙ্গে যোগাযোগ করেন তিনি। এ সময় রনি তাকে জানান, আবু তালহা নামের এক হজুর রয়েছেন, যিনি জিনের মাধ্যমে যেকোনো অসুস্থতা সারিয়ে তুলতে পারেন। সুস্থ করে দেওয়ার আশ্বাসে সাকিরি রাজি হলে তার কাছ থেকে গত ১৫ থেকে ১৭ সেপ্টেম্বর পর্যন্ত তিনটি মোবাইল নম্বর ব্যবহার করে বিকাশের মাধ্যমে মোট ১ লাখ ৮৬ হাজার ৭২৪ টাকা নেওয়া হয় বলে মামলার এজাহারে উল্লেখ করা হয়েছে। মামলার তদন্ত কর্মকর্তা বাকেরগঞ্জ থানার উপপরিদক্ষ (এসআই) নাজমুল মোল্লা জানান, মামলা হওয়ার পর সংশ্লিষ্ট মোবাইল নম্বরগুলোর নিবন্ধন-সংক্রান্ত তথ্যের ভিত্তিতে তদন্ত শুরু করা হয়। পরে তথ্যপ্রযুক্তির সহায়তায় অভিযান চালিয়ে বোরহানউদ্দিনের বোরহানগঞ্জ বাজার থেকে বয়োজিত এবং কাছিয়া এলাকা থেকে রনি হাওলাদার ও ফজলে রাকিকে গ্রেপ্তার করা হয়। বাকেরগঞ্জ থানার অফিসার ইনচার্জ (ওসি) আলিল হোসেন বলেন, মামলার সঙ্গে প্রত্যক্ষভাবে জড়িত থাকার অভিযোগ তিনজনেরকে ভোলার বোরহানউদ্দিন থেকে গ্রেপ্তার করে থানায় আনা হয়েছে। পরবর্তী আইনগত প্রক্রিয়া শেষে তাদের আদালতে পাঠানো হবে।

চরফাশনে চাকরি বাঁচাতে বরিশাস্তকৃত

হয়েছেন এ কর্মকর্তা। বরখাস্তের সংবাদ বিজ্ঞাত গণমাধ্যমে প্রকাশের পর সোমবার (১২ অক্টোবর) সন্ধ্যায় চরফাশন প্রেসক্লাবে সংবাদ সম্মেলন করেন তিনি। তার এই সংবাদ সম্মেলন ঘিরে সরকারি কর্মচারীদের আচরণবিধি অনুসরণের বিষয়টি নিয়ে নতুন করে প্রশ্ন উঠেছে। সোমবার প্রাণিসম্পদ অধিদপ্তরের মহাপরিচালক (ভারপ্রাপ্ত) মো. শাহজামান খানের স্বাক্ষরিত এক অফিস আদেশে তাকে সাময়িক বরখাস্তের কথা জানানো হয়েছে বলে জানা গেছে। অফিস আদেশের মর্মানুযায়ী জানা গেছে, সফিউল্লাহ জগলু ভোলার লালমোহন উপজেলা প্রাণিসম্পদ দপ্তর ও ডেটেরিনারি হাসপাতালে উপসহকারী প্রাণিসম্পদ কর্মকর্তা হিসেবে কর্মরত। সংযুক্তিতে তিনি চরফাশন উপজেলা প্রাণিসম্পদ দপ্তর ও ডেটেরিনারি হাসপাতালে দায়িত্ব পালন করছিলেন। আদেশে আরও বলা হয়, বিভিন্ন গণমাধ্যমে প্রকাশিত সংবাদে জানা গেছে, সফিউল্লাহ জগলু এনসিপির চরফাশন উপজেলা কমিটির সিনিয়র যুগ্ম আহ্বায়ক পদে রয়েছেন। সরকারি কর্মচারী (আচরণ) বিধিমালা, ১৯৭৯-এর ২৫(১) বিধিতে সরকারি কর্মচারীদের রাজনৈতিক দলের সদস্য হওয়া এবং রাজনৈতিক কর্মকাণ্ডে অংশগ্রহণের বিষয়ে বিধিনিষেধ রয়েছে। এ পরিস্থিতিতে তার বিরুদ্ধে যোগ্যতা বিধিমালা অনুযায়ী ব্যবস্থা নেওয়া হয়েছে। সাময়িক বরখাস্তের খবর প্রকাশের পর স্ব-পদে বহাল তরীযেরে থাকার আশায় বিভিন্ন রাজনৈতিক নেতৃবৃন্দের কাছে দৌড়ঝাঁপ শুরু করেন। ব্যর্থ হওয়াে সোমবার সন্ধ্যায় চরফাশন প্রেসক্লাবে সংবাদ সম্মেলন করেন সফিউল্লাহ জগলু। তবে সরকারি কর্মচারী হিসেবে তার গণমাধ্যমে বক্তব্য দেওয়া ও সংবাদ সম্মেলন করার ক্ষেত্রে চাকরির আচরণবিধি লংঘন ও অনুসরণের বিষয়টি নিয়েও প্রশ্ন উঠেছে উঠেছে বলে জানিয়েছেন তার কর্তৃপক্ষ। এ বিষয়ে ১৯৯৭ সালের সরকারি কর্মচারী আচরণ বিধিমালা (বিধি ২২) অনুযায়ী, সরকারি কর্মচারীরা বিভাগীয় প্রধানে অরমতি বা মাজ দায়িত্ব পালনের ক্ষেত্রে ছাড়া গণমাধ্যমে কথা বলতে বা নিজস্ব প্রকাশ করতে বা সংবাদ সম্মেলন করতে পারবেন না। বরিশাল বিভাগীয় প্রাণিসম্পদ দপ্তরের পরিচালক মো. মাহমুজুল হক বলেন, ওই কর্মকর্তা সংবাদ করেছে বিষয়টি আমার জানা নাই। তাকে সাময়িক বরখাস্ত করেছে এটা বিভাগীয় চাকরির অংশ। তবে তিনি সাংবাদিক সম্মেলন করতে পারেন না। উল্লেখ্য, গত ৫ অক্টোবর এনসিপির ভোলা জেলা আহ্বায়ক আড্ডাতোকেট মো. জিয়াউর রহমান ও সদস্যসচিব শরীফ হাওলাদার সারের আহ্বায়ক আগামী ছয় মাসের জন্য দলটিচ চরফাশন উপজেলা আহ্বায়ক কমিটির আশ্রিক অনুমোদন দেওয়া হয়। সাত সদস্যবিশিষ্ট ওই কমিটিতে সিনিয়র যুগ্ম আহ্বায়ক পদে মো. সফিউল্লাহ জগলুর নাম অন্তর্ভুক্ত রয়েছে। এই বিষয়ে বিভিন্ন গণমাধ্যমে ফলাও করে সংবাদ প্রকাশিত হয়।

মেহেন্দিগঞ্জে দুর্যোগ প্রশমন

জনসচেতনতা বৃদ্ধির লক্ষে একটি অগ্নি নির্বাপনের মহড়া অনুষ্ঠিত হয়। অন্তূতানে অন্যান্যের মধ্যে উপস্থিত ছিলেন, মেহেন্দিগঞ্জ উপজেলা বিএনপির সদস্য সচিব সিদ্দিক আহােদেদ সেলিম, উপজেলা সমবায় কর্মকর্তা শেখ মোঃ জাহিদ হোসেন,উপজেলা পল্লী উন্নয়ন কর্মকর্তা মোঃ পারভেজ আলম, উপজেলা প্রকল্প বাস্তবায়ন কর্মকর্তার দপ্তরের সহকারী প্রকৌশলী জৌফিকুর রহমান পলিব্রহ্ম বিভিন্ন দপ্তরের প্রতিনিধি,রাজনৈতিক ব্যক্তিবর্গ, বিভিন্ন শিক্ষা প্রতিষ্ঠানের শিক্ষক- শিক্ষার্থী ও গণমাধ্যম কর্মীরা।

বরগুণায় মাদক ও হানি ট্রাপের

সংবাদ বিজ্ঞিত্তিবে এ তথ্য জানানো হয়। পুলিশ জানায়, সোমবার সন্ধ্যা ৬টা ৫ মিনিটে সদর উপজেলার গৌরিচন্দ্রা ইউনিয়নের পশ্চিম ধূপতি এলাকায় অভিযান চালিয়ে স্বপন (২৮) ও তারেক (২৬) নামে দুজনকে গ্রেপ্তার করা হয়। এ সময় তাদের কাছ থেকে ২১টি ইয়াবা বডি, মাদক বিক্রির ৬৪০ টাকা, মাদক পরিবহনে ব্যবহৃত একটি ব্যাটারিচালিত মিশুক ও দুটি বাতন মোবাইল ফোন জব্দ করা হয়। এরপর রাত সাড়ে ৮টার দিকে কেওড়ারুিয়া ইউনিয়নের জাকিরতবক এলাকায় কাওদার স্টোরের সামনে সড়কে চেকপোস্ট বসিয়ে তল্লাশি চালায় ডিতির আরেকটি দল। এ সময় রুবেল সিকদার (৩৪) নামে এক ব্যক্তিকে গ্রেপ্তার করা হয়। তাঁর কাছ থেকে ১ কেজি ৯০০ গ্রাম গাঁজা, ৯টি ইয়াবা বডি, একটি বাজাজ গ্লাটিনা মোটরসাইকেল, দুটি মোবাইল ফোন ও একটি মানিবাণ্য উদ্ধার করা হয়। উদ্ধার করা গাঁজার আনুমানিক বাজারমূল্য ১ লাখ ৫২ হাজার টাকা বলে জানিয়েছে পুলিশ। এ ছ

নিরাপত্তা শঙ্কায় প্রাসাদ থেকে প্রাসাদে ছুটছেন যুবরাজ সালমান: রিপোর্ট

কীর্তনখোলা ডেস্ক
ইয়েমেনের ছুটি বিদ্রোহীদের হামলা জোরদার হওয়ার মধ্যে নিরাপত্তা শঙ্কায় একের পর এক প্রাসাদ বদলতে হচ্ছে সৌদি আরবের যুবরাজ মোহাম্মদ বিন সালমানকে। কঠোর নিরাপত্তাবেষ্টিত এই প্রাসাদগুলোর রয়েছে বাংকার-সুবিধা। ৩ এর পাতায় দেখুন

কীর্তনখোলা

বরিশাল ৯ বুধবার ৯ ১৪ অক্টোবর ২০২৬ ৯ ২৯ আশ্বিন ১৪৩৩

অতিরিক্ত দামে এলপিগিজ বিক্রি করলেই ব্যবস্থা, তদারকিতে ডিসিদের নির্দেশ

কীর্তনখোলা ডেস্ক
বাংলাদেশ এনার্জি রেগুলেটরি কমিশন (বিইআরনি) নির্ধারিত দামের চেয়ে বেশি দামে তরলীকৃত পেট্রোলিয়াম গ্যাসের (এলপিগিজ) সিলিন্ডার বিক্রি বন্ধে জেলা প্রশাসকদের (ডিসি) কয়েক দফা নির্দেশনা দিয়েছে সরকার। নির্দেশনার ৩ এর পাতায় দেখুন



জিনের মাধ্যমে সুস্থ করার আশ্বাস দেয়া চক্রের ৩ সদস্য গ্রেফতার

বাকেরগঞ্জ প্রতিনিধি
বরিশালের বাকেরগঞ্জে জিনের মাধ্যমে অসুস্থতা সারিয়ে দেওয়ার আশ্বাস দিয়ে বিকাশের মাধ্যমে ১ লাখ ৮৬ হাজার ৭২৪ টাকা হাতিয়ে নেওয়ার অভিযোগে তিনজনকে গ্রেফতার করেছে পুলিশ। সেমবার (১২ অক্টোবর) ভোর সাড়ে ৬টার দিকে জোলা জেলার

বোরহানউদ্দিন থানা এলাকায় অভিযান চালিয়ে তাদের গ্রেফতার করা হয়। গ্রেফতার ব্যক্তিরা হলেন- জোলা বোরহানউদ্দিন উপজেলার টবগী ইউনিয়নের দালালপুর এলাকার মো. জসিম উদ্দিন মুখার ছেলে মো. বায়জিদ (২৫), পক্ষীয়া ইউনিয়নের আ. রহমান হাওলাদারের ছেলে মো. রনি হাওলাদার (২৬) এবং টবগী

ইউনিয়নের মুলাই পতন এলাকার আ. আজিজ চৌকিদারের ছেলে মো. ফজলে রাব্বি (২৪)। পুলিশ সূত্রে জানা গেছে, এ ঘটনায় গত ৪ অক্টোবর বাকেরগঞ্জ থানায় সাইবার সুরক্ষা আইনের ২১, ২২, ২৩, ২৭ ও ৩০ ধারায় মামলা হয়েছে। মামলাটির নম্বর ৩। মামলার বাদী ও ভুক্তভোগী সাক্ষির ৩ এর পাতায় দেখুন



চরফ্যাশনে চাকরি বাঁচাতে বরখাস্তকৃত প্রাণিসম্পদ কর্মকর্তার দৌড়বাপ

চরফ্যাশন প্রতিনিধি
সরকারের নীতিমালা অনুযায়ী সরকারি চাকরিজীবীরা কর্মরত অবস্থায় কোন রাজনৈতিক পরিচয় কিংবা পদ বহন করতে পারবেন না। অথচ এসব নিয়ম নীতি কে বৃদ্ধাঙ্গুলী দেখিয়ে জেলার চরফ্যাশনে জাতীয় নাগরিক পার্টির (এনসিপি) উপজেলা কমিটিতে সাংগঠনিক পদ দাণিয়ে নেয়ার অভিযোগ উঠেছে চরফ্যাশনের উপ-সহকারী প্রাণিসম্পদ কর্মকর্তা সফিউল্লাহ জগলুর বিরুদ্ধে। আর এসব অভিযোগ আমলে নিয়ে সাময়িক বরখাস্ত ৩ এর পাতায় দেখুন

একই দিনে দুই নবজাতকের মৃত্যু চরমোত্তাজে স্বাস্থ্যকেন্দ্রের গুরুত্বপূর্ণ পদ শূন্য

রাঙ্গাবালা প্রতিনিধি
পটুয়াখালীর রাঙ্গাবালা উপজেলার বিচ্ছিন্ন দ্বীপ ইউনিয়ন চরমোত্তাজে একই দিনে দুই নবজাতকের মৃত্যু হয়েছে। একজনের জন্ম হয় গলাটিপা উপজেলা যাস্থ্য কমপ্লেক্সে নেওয়ার পথে পিঙ্গভোটে, অন্যজনের জন্ম হয় বাড়িতে স্থানীয় খাত্তীর সহায়তায়। এ ঘটনায় দ্বীপাঞ্চলে জরুরি প্রসূতিসেবা, স্বাস্থ্যকেন্দ্রে জনবলসংকট ও রোগী পরিবহনের ব্যবস্থা নিয়ে উদ্বেগ দেখা ৩ এর পাতায় দেখুন

পটুয়াখালীর রাঙ্গাবালা উপজেলার বিচ্ছিন্ন দ্বীপ ইউনিয়ন চরমোত্তাজে একই দিনে দুই নবজাতকের মৃত্যু হয়েছে। একজনের জন্ম হয় গলাটিপা উপজেলা যাস্থ্য কমপ্লেক্সে নেওয়ার পথে পিঙ্গভোটে, অন্যজনের জন্ম হয় বাড়িতে স্থানীয় খাত্তীর সহায়তায়। এ ঘটনায় দ্বীপাঞ্চলে জরুরি প্রসূতিসেবা, স্বাস্থ্যকেন্দ্রে জনবলসংকট ও রোগী পরিবহনের ব্যবস্থা নিয়ে উদ্বেগ দেখা ৩ এর পাতায় দেখুন

মাদকাসক্তি ও মানসিক রোগীদের সর্বাধুনিক চিকিৎসা এখন বরিশালে

দি নিউ লাইফ

মহিলা রোগীদের জন্য পৃথক ওয়ার্ড

যোগাযোগ: ১নং সিএসবি পুল (কাজীপাড়া সংলগ্ন), বরিশাল।

০১৭১৩-৯৫০৯৪১

০১৭১৩-১৬৯৮২৮

শ্যালিকার নামে সারের ডিলারশিপ পেতে ইউপি সদস্য দুলাভাইয়ের কারসাজি

মেহেন্দিগঞ্জ প্রতিনিধি
বরিশালের মেহেন্দিগঞ্জ উপজেলার ইউনিয়নে ভূয়া ট্রেড লাইসেন্স এবং তথ্য গোপন করে সারের ডিলারশিপ নেওয়ার অভিযোগ উঠেছে এক নারীর বিরুদ্ধে। ডিলারশিপ নেওয়ার ক্ষেত্রে তিনি

নিজের এবং স্বামীর নামে থাকা পৃথক ডিলারশিপের তথ্য গোপন করেছেন। অভিযোগ উঠেছে, জালিয়াতি করে শ্যালিকার নামে ডিলারশিপ আনতে সহযোগিতা করেছেন তার দুলাভাই। জানা গেছে, কৃষি সম্প্রসারণ ডিলারশিপ নেওয়ার ক্ষেত্রে তিনি

সার ডিলার নিয়োগের ক্ষেত্রে একই পরিবারের একজনের ডিলারশিপ বা যথাযথ কর্তৃপক্ষ প্রদত্ত খুচরা বিক্রোতার আইডি কার্ড থাকলে, পরিবারের অন্য কেউ ডিলারশিপের জন্য আবেদন করতে বা বিক্রোতা হতে পারবেন না। ৩ এর পাতায় দেখুন

ভাণ্ডারিয়ায় সার ডিলারশিপ পেলেন কেন্দ্রীয় ছাত্রদল নেতা

কীর্তনখোলা রিপোর্ট
পিরোজপুরের ভাণ্ডারিয়ায় সার ডিলার নিয়োগে দলীয়করণের অভিযোগ উঠেছে। উপজেলার তেলিখালী ইউনিয়নে সার ডিলার হিসেবে নিয়োগ পেয়েছেন জাতীয়তাবাদী ছাত্রদল কেন্দ্রীয় সংসদের মুখ্য সাধারণ সম্পাদক মো. মোহাম্মদুর রহমান কলেব। এছাড়া উপজেলার বিভিন্ন ইউনিয়নে ইকড়ি ইউনিয়নে 'হাওলাদার ট্রেডার্স' নামে সার বিএনপির নেতাদের সার ডিলার হিসেবে নিয়োগ ডিলারশিপ পেয়েছেন ইউনিয়ন বিএনপির সাধারণ সেক্রেটারি হায়েদে বসে জানা গেছে। অনুসন্ধান জানা সম্পাদক মো. মাইনুল ৩ এর পাতায় দেখুন

যায়, তেলিখালী ইউনিয়নে 'আজাদী করপোরেশন' নামে একটি প্রতিষ্ঠানের মাধ্যমে সার ডিলারশিপ পেয়েছেন মো. মোস্তাফিজুর রহমান রুবেল। তিনি ঢাকা বিশ্ববিদ্যালয়ের শেখ মুজিব হল ছাত্রদলের সারের সাধারণ সম্পাদকও। এছাড়া

বোরহানউদ্দিনে 'দরকষাকষি করে ঘুষ নেন' ভূমি কর্মকর্তা

বোরহানউদ্দিন প্রতিনিধি
জেলার বোরহানউদ্দিনে ঘুষ ও অতিরিক্ত টাকা আদায়ের অভিযোগ উঠেছে বজলুর রহমান নামে এক ইউনিয়ন উপসহকারী ভূমি কর্মকর্তা ও তার ব্যক্তিগত সহকারী হিসেবে পরিচয় দেওয়া মো. রাকিবের বিরুদ্ধে। সেবাশ্রত্যাশীদের অভিযোগ, খতিয়ান সঞ্জ্ঞা, জমিদ খাজনা পরিশোধ ও নামজারিসহ বিভিন্ন কাজে সরকারি ফির বাইরে 'দরকষাকষি করে ঘুষ নেন'। এ ছাড়া দারিত্বপ্রাপ্ত কর্মকর্তাদের নিয়মিত অফিসে না পাওয়ার অভিযোগও রয়েছে। অভিযোগকারী সবুজ মুসলমান জানান, গত বৃহস্পতিবার (৮ অক্টোবর) সাচড়া ইউনিয়ন ভূমি অফিসে দাগ নম্বর দিয়ে ৩ এর পাতায় দেখুন



একই মাঠে ছাত্রদল ও শিবিরের কর্মসূচি ভোলা কলেজে অনুষ্ঠান বন্ধের নির্দেশ

ভোলা প্রতিনিধি
ভোলা সরকারি কলেজ মাঠে নবীনবরণ অনুষ্ঠান ও ক্যারিয়ার গাইডলাইন কর্মসূচি আয়োজন করতে চায় ছাত্রশিবিরের কলেজ শাখা। অন্যদিকে, একই দিনে একই মাঠে ক্রিকেট টুর্নামেন্ট আয়োজনের উদ্যোগ নিয়েছে ছাত্রদলের কলেজ শাখা। দুই সংগঠনের পাল্টাপাল্টি কর্মসূচি ঘিরে উত্তেজনার মধ্যে আগামী ১৪ ও ১৫ অক্টোবর কলেজ ক্যাম্পাসে সব সংগঠনের পূর্বযোজিত কার্যক্রম বন্ধের নির্দেশ দিয়েছে কলেজ কর্তৃপক্ষ। মঙ্গলবার (১৩ অক্টোবর) কলেজের অফিসিয়াল ফেসবুক পেজে অধ্যক্ষ অধ্যাপক মো. ইসরাফিলের সেই করা বিজ্ঞপ্তিতে এ নির্দেশ দেওয়া হয়। এতে বলা হয়, কলেজের শিক্ষার সৃষ্ট পরিবেশ ও শান্তিশৃঙ্খলা বজায় রাখতে আগামী ১৪ ও ১৫ অক্টোবর ক্যাম্পাসে বিভিন্ন সংগঠনের পূর্বযোজিত ৩ এর পাতায় দেখুন

ইউপি সদস্য হয়েও জেলে কার্ড দিয়ে চাল উত্তোলন বিএনপি নেতার

জিয়ানগর প্রতিনিধি
পিরোজপুরের জিয়ানগরে ইউনিয়ন বিএনপির সভাপতি ও ইউপি সদস্য মো. দুলাল ফকিরের নামে জেলে কার্ড থাকার অভিযোগ উঠেছে। এ কার্ডের মাধ্যমে জেলেরদের জন্য বরাদ্দ করা সরকারি সহায়তার চাল উত্তোলনের অভিযোগও রয়েছে। দুলাল ফকির



চরবলেশ্বর গ্রামের মৃত খবির উদ্দিন ফকিরের ছেলে। তিনি আর্থিকভাবে সচ্ছল এবং সমুদ্রে মাছ ধরার দুটি ফিশিং বোটের মালিক। আসন্ন ইউনিয়ন পরিষদ নির্বাচনে তিনি সম্ভাব্য চেয়ারম্যান প্রার্থী বলেও জানা গেছে। জানা গেছে, উপজেলার চণ্ডীপুর ইউনিয়ন বিএনপির সভাপতি ও ইউনিয়নের ১ নম্বর চরবলেশ্বর ওয়ার্ডের ইউপি সদস্য মো. দুলাল

ফকিরের নাম মফসজীবীদের তালিকায় রয়েছে। এই তালিকার ৩৮ নম্বর ক্রমিক তার নাম উল্লেখ রয়েছে বলে জানা গেছে। অভিযোগ রয়েছে, মা ইলিশ সংরক্ষণ কার্যক্রমের আওতায় জেলেরদের জন্য বরাদ্দ করা সহায়তার চাল উত্তোলন করছেন তিনি। এ বিষয়ে অতিমুক্ত দুলাল ফকির বলেন, আমি একজন মহাজন। ৩ এর পাতায় দেখুন



অস্বাস্থ্যকর পরিবেশে নিবন্ধন সনদ ছাড়াই আইসক্রিম তৈরি, জরিমানা

নোয়াবাবা প্রতিনিধি
পিরোজপুরের নোয়াবাবা অস্বাস্থ্যকর পরিবেশে আইসক্রিম উৎপাদন ও মোড়কজাত নিবন্ধন সনদ না থাকায় রুচি আইসক্রিম নামে একটি ফ্যাক্টরিকে ২০ হাজার টাকা জরিমানা করেছেন আয়ামাণ আদালত। এ সময় কারখানা থেকে বিপুল পরিমাণ আইসক্রিম জব্দ করে জনসম্মুখে ফেলেন জরিমানা করেছেন আয়ামাণ আদালত। এ সময় কারখানা থেকে বিপুল পরিমাণ আইসক্রিম জব্দ করে জনসম্মুখে ফেলেন জরিমানা করেছেন আয়ামাণ আদালত। এ সময় কারখানা থেকে বিপুল পরিমাণ আইসক্রিম জব্দ করে জনসম্মুখে ফেলেন জরিমানা করেছেন আয়ামাণ আদালত।



বরগুনায় মাদক ও হান্দিট্রাপের বিরুদ্ধে ডিবি'র অভিযান

বরগুনা প্রতিনিধি
বরগুনায় জেলা গোয়েন্দা পুলিশের (ডিবি) পৃথক অভিযানে ইয়াবা, গাজা ও মাদক পরিবহনে ব্যবহৃত যানবাহনসহ পাচজনকে গ্রেফতার করা হয়েছে। একই সঙ্গে হান্দিট্রাপের মাধ্যমে প্রতারণা ও র‍্যাকমেইলিংয়ের অভিযোগে একটি চক্রের দুই সদস্যকে গ্রেফতার করে ভুক্তভোগীর খোয়া মাগোয়া মোবাইল ফোন উদ্ধার করেছে পুলিশ। সেমবার (১২ অক্টোবর) সন্ধ্যা থেকে রাত পর্যন্ত বরগুনা সদর উপজেলার বিভিন্ন এলাকায় এসব অভিযান চালানো হয়। মঙ্গলবার (১৩ অক্টোবর) বরগুনা পুলিশ সুপারের কার্যালয় থেকে পাঠানো এক ৩ এর পাতায় দেখুন

অধ্যাপক ডা. এন.সি. দ্রবীন

এমবিবিএস(চাক্ষুণ্যি ও ডিএমসি) এমডিপি(ইউএসএ) ট্রেইন্ড ইন অরবি(আমেরিকা)বোইজিং(চীন) এনআইও(চাক্ষুণ্যি)বোইজিং(চীন) বেসো(আইটি)উইউ, ডাক্স ও.এস.বি ম্যাননাল কনফারেন্স ও পেরাটি সেবা পদকপ্রাপ্ত

মাথা ব্যথা, প্রোকোমা, ফ্যাকো সার্জন ও চক্ষু বিশেষজ্ঞ

৮০ সন্ত জের (হোটেল দলী ইউএ এর বিপক্ষে) বরিশাল। পরিচালনা অফিস ০১৭১৩০৯৮০১৭, ০১৭১৩০৯৮০১৭



কাকড়াবুনিয়া গ্রামে এ দুর্ঘটনা ঘটে। শিশু রোজা মনি ওই গ্রামের মো. জাহিদুল হাওলাদারের কন্যা। পারিবারিক সূত্রে জানা যায়, দুপুর ১২টার দিকে সবার অজান্তে ঘরের পেছনের ডোবার পানিতে পড়ে যায় শিশুটি। তাকে দেখতে না পেয়ে পরিবারের লোকজন খোঁজাখুঁজি শুরু করেন। একপর্যায়ে ঘরের পেছনের ডোবার পানিতে তাকে ভাসতে দেখে ৩ এর পাতায় দেখুন

বিসমিল্লাহির রাহমানির রাহিম

কম্পিউটারের সবকিছুই আপনার নাগালে

ঈশিতা কম্পিউটার

All Kinds Of Computer Solution, Accessories Selling, Training & Digital Photography

উপজেলা রোড, আগৈলঝাড়া, বরিশাল। মোবাইল: ০১৭১৫২৩৫৪৬

প্রধান সম্পাদক: মো: ফিরোজ আহম্মেদ মোল্লা, ভারপ্রাপ্ত সম্পাদক: মিতা মোস্তফা, সহযোগী সম্পাদক: আল হাফিজ, নির্বাহী সম্পাদক: এম জামান, প্রকাশক: কাজী মিরাজ মাহমুদ কর্তৃক মায়ের দোয়া অফস্টেট প্রিন্টিং প্রেস, হাসপাতাল রোড, বরিশাল থেকে মুদ্রিত ও বার্তা কার্যালয় : সৌরভ লজ, গোড়াটান দাস রোড, বরিশাল-৮২০০। মোবাঃ ০১৭১২-৯২৬৮৩৬, E-Mail: dailykirtanxhola@gmail.com